

নির্বাচনী ইশতেহার ২০১৮
ও উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কৌশলপত্র

NATIONAL EMERGENCY SERVICE 999

তথ্য ও সেবা 333 সবসময়

DIGITAL BANGLADESH
Skilled • Equipped • DigitalReady

ICT DIVISION
FUTURE IS HERE

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাচনী ইশতেহার ২০১৮
ও উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কৌশলপত্র

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাচনী ইশতেহার ২০১৮
ও উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কৌশলপত্র

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সম্পাদিত ও প্রকাশিত

সেপ্টেম্বর ২০১৯

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী
শেখ হাসিনা

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৪ ভাদ্র ১৪২৬
২৯ আগস্ট ২০১৯

বাণী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০১৮, পঞ্চবার্ষিক পরিকল্পনা, এসডিজি এবং প্রেক্ষিত পরিকল্পনা-এর আলোকে বিভাগের কর্মকৌশল প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ পুনর্গঠনের হাতিয়ার হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি খাতকে বিশেষ গুরুত্ব দিয়েছিলেন। তাঁর নেতৃত্বে বাংলাদেশ ১৯৭৩ সালে আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থার (ITU) সদস্যপদ লাভ করে। জাতির পিতা ১৯৭৩ সালে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR) প্রতিষ্ঠা করেন। তিনি টেলিযোগাযোগ সংক্রান্ত প্রযুক্তির বিকাশে বেতবুনিয়ায় দেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র স্থাপন করেন।

বাংলাদেশ আওয়ামী লীগের ২০০৮ সালের নির্বাচনী ইশতেহারের অঙ্গীকার 'ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। এ লক্ষ্যে আমরা কানেক্টিভিটি ও আইসিটি অবকাঠামো গড়ে তোলা, মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্ন্যান্স এবং আইসিটি শিল্পের প্রসারের ক্ষেত্রসমূহকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছি। ফলে ই-গভর্ন্যান্স, ই-হেলথ, ই-কমার্স, ই-লার্নিং, মোবাইল অ্যাপ্লিকেশনসহ ইন্টারনেটের বহুবিধ ব্যবহার সহজলভ্য হয়েছে। তথ্যপ্রযুক্তি খাতে মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তথ্যপ্রযুক্তি খাতের অর্জন ও সাফল্য আন্তর্জাতিক অঙ্গনেও আমাদের জন্য সম্মান বয়ে এনেছে।

২০০৮ সালের ন্যায় বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর ২১টি বিশেষ অঙ্গীকার বাস্তবায়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে এগিয়ে নিয়ে যেতে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে যাচ্ছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এবং তথ্য-প্রযুক্তির বহুমুখী ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ ইতোমধ্যে নিম্নমধ্যম আয়ের সোপান থেকে উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জন করেছে। আগামীতে দেশের সার্বিক উন্নয়নে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার যে ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে, উক্ত কর্মপরিকল্পনা সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য এ ধরনের কৌশলপত্র প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি। এ কৌশলপত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নে যথেষ্ট সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

আমি আশা করি, দেশের সার্বিক উন্নয়নে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলতে আমরা সক্ষম হব।

আমি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সকল কার্যক্রমের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(শেখ হাসিনা)

সজীব ওয়াজেদ
প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা

বাণী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০১৮-এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-বিষয়ক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে একটি কর্মকৌশল প্রণয়ন করে প্রকাশের উদ্যোগ নিয়েছে, এ জন্য আমি সংশিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

বর্তমান সরকার তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম হাতিয়ার হিসেবে গ্রহণ করেছে। আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০০৮-এর আলোকে সরকার রূপকল্প ২০২১-এ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অঙ্গীকার ঘোষণা করে। তৎপ্রেক্ষিতে সরকার বিগত দশ বছরেরও বেশি সময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বেশকিছু যুগান্তকারী কার্যক্রম বাস্তবায়ন করেছে। ই-ফাইলিং, সেবা পদ্ধতি সহজিকরণ, ইনোভেশন এবং ডিজিটাল সার্ভিস এক্সিলারেটরের মাধ্যমে প্রচলিত ধারার সেবা পদ্ধতিতে ইতিবাচক পরিবর্তন আনা হয়েছে। সরকারি ক্রয় খাতে স্বচ্ছতা বিধানের লক্ষে ই-জিপি চালু করা হয়েছে। ব্রডব্যান্ড কানেক্টিভিটি উপজেলা পর্যায় পর্যন্ত নিশ্চিত করা হয়েছে। এছাড়া দেশের সকল ইউনিয়নসহ দ্বীপাঞ্চল, হাওর ও দুর্গম এলাকায় ব্রডব্যান্ড কানেক্টিভিটি নিশ্চিত করার কাজ অনেকদূর এগিয়ে এসেছে। তথ্যপ্রযুক্তি-খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার জন্য দেশে ও বিদেশে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। হাইটেক পার্ক নির্মাণের মাধ্যমে আইসিটি শিল্পের বিকাশ ও উন্নয়নসহ দেশীয় আইটি প্রতিষ্ঠানের সঙ্গে বিদেশি আইটি প্রতিষ্ঠানের সেতুবন্ধন তৈরি করা হচ্ছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে নানা উদ্যোগ বাস্তবায়ন ও উদ্ভাবনীমূলক কাজের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন আন্তর্জাতিক পুরস্কার অর্জন বাংলাদেশের জন্য বয়ে এনেছে অনন্য সম্মান। এসব উন্নয়ন ও অগ্রগতি বিশ্বের অনেক দেশের কাছে অনুকরণীয় হয়েছে। সরকারের নানা পদক্ষেপ ও আন্তরিক প্রচেষ্টার ফলে তথ্যপ্রযুক্তিতে বাংলাদেশের অর্জন বিশ্বে দেশের ভাবমূর্তি বৃদ্ধির পাশাপাশি বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখছে।

বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০১৮-এর অঙ্গীকারসমূহ বাস্তবায়নে সরকার দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ। ইশতেহারে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিজস্ব কর্মপরিকল্পনা সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এর মাধ্যমেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' বাস্তব রূপ লাভ করছে।

আমি আশা করি, এ প্রকাশনার মাধ্যমে বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারের আলোকে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নানাবিধ কর্মকাণ্ড সম্পর্কে মানুষ জানতে পারবে এবং আগামীর পথচলা সম্পর্কেও একটি স্বচ্ছ ধারণা পাবে।

আমি এ কর্মকৌশলের সফল বাস্তবায়ন কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(সজীব ওয়াজেদ)

জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি
প্রতিমন্ত্রী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর লক্ষ্য ও পরিকল্পনা বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মকৌশল প্রকাশের উদ্যোগ সময়োপযোগী একটি পদক্ষেপ।

সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ' স্লোগানকে ধারণ করে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে বাংলাদেশ আওয়ামী লীগ কর্তৃক ঘোষিত ইশতেহারে যে সুনির্দিষ্ট ও সুপরিকল্পিত উন্নয়ন অঙ্গীকার বিধৃত করা হয়েছে তার অধিকাংশই কোনো না কোনো ভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সাথে সম্পর্কিত। মূলত বিগত ১০ বছরে 'দিন বদলের সনদ' বাস্তবায়ন এবং 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণে যে অভূতপূর্ব অগ্রগতি এবং সাফল্য অর্জিত হয়েছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি তার অন্যতম চালিকাশক্তি হিসেবে কাজ করেছে। আর তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ প্রয়োগ ও ব্যবহার নিশ্চিতকরণে নীতি নির্ধারণ, কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মূল ভূমিকা পালন করেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। বিগত এক দশকের উন্নয়নের ধারাবাহিকতা বজায় রেখে ২০২১ সালের মধ্যে প্রযুক্তিনির্ভর মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া, ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের কাতারে শামিল হওয়াসহ 'ব-দ্বীপ পরিকল্পনা' তথা 'ডেল্টা প্ল্যান-২১০০' বাস্তবায়নের সে লক্ষ্যকে সামনে রেখে আমরা এগিয়ে যাচ্ছি।

সারা বিশ্বে উন্নয়ন ও অগ্রগতির অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে তথ্যপ্রযুক্তির ব্যবহার অনস্বীকার্য। তথ্যপ্রযুক্তির বহুল প্রসার ও ব্যবহার বর্তমান বিশ্বকে প্রতিনিয়তই নতুন নতুন অভিজ্ঞতার সম্মুখীন করছে এবং ক্রমান্বয়ে সামগ্রিক জীবনব্যবস্থাকে ডিজিটালি রূপান্তরিত করছে। এ ডিজিটাল রূপান্তরের অনিবার্যতা উপলব্ধি করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৮ সালে বাংলাদেশ আওয়ামী লীগের 'ডিজিটাল বাংলাদেশ রূপকল্প -২০২১' ঘোষণা করেন। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ও প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এর দিকনির্দেশনায় গত এক দশকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কার্যকর ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ এখন কাঙ্ক্ষিত লক্ষ্য পূরণের দ্বারপ্রান্তে উপনীত হয়েছে। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, নাগরিক সেবা ও প্রশাসনব্যবস্থাসহ সর্বক্ষেত্রে ডিজিটাল বাংলাদেশের ছোঁয়া লক্ষণীয়। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি বিভাগ নতুন নতুন কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করে যাচ্ছে। নির্বাচনী ইশতেহারের লক্ষ্য ও পরিকল্পনা বাস্তবায়নের লক্ষে প্রণীত এ কৌশলপত্রটি আইসিটি বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জন্য একটি গুরুত্বপূর্ণ নির্দেশিকা হিসেবে কাজ করবে মর্মে আমি মনে করি।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে একটি জ্ঞানভিত্তিক, অসাম্প্রদায়িক, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সুখী-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ তথা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলা' প্রতিষ্ঠা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একটি অন্যতম অঙ্গীকার। এ অঙ্গীকার বাস্তবায়নেও এ কৌশলপত্রটি সহায়ক ভূমিকা পালন করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। কৌশলপত্রটি প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলকে আমি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি।

"আমরা হব জয়ী, আমরা দুর্বার,
ডিজিটাল বাংলাদেশ নির্মাণে আইসিটি হবে হাতিয়ার।"
জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(জুনাইদ আহ্‌মেদ পলক)

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে প্রণীত নির্বাচনী ইশতেহার ২০১৮-এর প্রতিশ্রুতি বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ তাদের কর্মপরিকল্পনা প্রণয়ন করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আমি তাদের এ উদ্যোগকে সর্বান্তকরণে স্বাগত জানাই।

প্রতিষ্ঠালগ্ন থেকেই তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নিরলস প্রয়াস গ্রহণ করে যাচ্ছে। প্রশাসন ব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সময়োপযোগী ও যথাযথ প্রয়োগের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার দর্শনকে বাস্তবে রূপায়িত করে আক্ষরিক অর্থে সেবাকে হাতের মুঠোয় এনে দিয়েছে। সরকারি বিভিন্ন সেবা এখন মোবাইলে বিভিন্ন অ্যাপসের মাধ্যমে ঘরে বসেই লাভ করা যায়। একথা অনস্বীকার্য যে, বিগত এক দশক যাবৎ উন্নয়নের যে অগ্রযাত্রায় বাংলাদেশ যুক্ত হয়েছে তার অন্যতম হাতিয়ার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি। এর বহুল প্রসারের ফলে জীবনযাপন যেমন সহজ হয়েছে তেমনি এর যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতে সরকারের বিভিন্ন উদ্যোগ প্রান্তিক জনগণকেও সুফলভোগীর কাতারে নিয়ে এসেছে।

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮-এর উল্লেখযোগ্য দিক হলো ২১০০ সাল পর্যন্ত শতবর্ষ মেয়াদি ব-দ্বীপ পরিকল্পনার অধীনে সমন্বিতভাবে ২০৩০ সালের মধ্যে এসডিজি বাস্তবায়ন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার অঙ্গীকার। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বাংলাদেশের অর্থনীতির লেখচিত্র এখন ঊর্ধ্বমুখী। ২০১৮-১৯ অর্থবছর শেষে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির হার ৮.১৩% যা গত ২০১৭-১৮ অর্থবছরে ছিল ৭.৮৬% এবং মাথাপিছু আয় ১৭৫১ মার্কিন ডলার হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১৯০৯ মার্কিন ডলার। একইসাথে দেশের নাগরিকদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। জুন ২০১৯ পর্যন্ত মোবাইল ফোন ব্যবহারকারীর সংখ্যা ১৬১.৭৭২ মিলিয়ন এবং ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ৯৮.১৯৯ মিলিয়ন যা জুন ২০১৮-এ ছিল যথাক্রমে ১৫০.৯৪৫ মিলিয়ন এবং ৮৭.৭৯০ মিলিয়ন। এ পরিসংখ্যান আমাদের ক্রমবর্ধমান অর্থনীতির সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের ইতিবাচক যোগসূত্রের বহিঃপ্রকাশ ঘটায়।

নির্বাচনী ইশতেহার অনুযায়ী অঙ্গীকার বাস্তবায়নে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অন্যতম কুশীলব হিসেবে কাজ করে যাচ্ছে। নির্বাচনী ইশতেহারকে কেন্দ্র করে এ বিভাগ কর্তৃক প্রণীত এ কর্মপরিকল্পনা সরকারের অঙ্গীকার বাস্তবায়নকে ত্বরান্বিত করবে এবং সাফল্যের সাথে প্রতিটি মাইলফলক অতিক্রমে সহায়তা করবে মর্মে আমি আশাবাদ ব্যক্ত করছি।

১১.০২.১৯

(মোহাম্মদ শফিউল আলম)

মোঃ নজিবুর রহমান
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বাংলাদেশের জনগণের জন্য অপার সম্ভাবনা বয়ে এনেছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসার ও বিকাশের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ডিজিটাল বাংলাদেশ: রূপকল্প ২০২১' ঘোষণা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয় এর পরামর্শ ও নির্দেশনায় ডিজিটাল বাংলাদেশ রূপায়ণে নতুন দিগন্তের সূচনা হয়েছে।

স্বচ্ছ, দুর্নীতিমুক্ত এবং জবাবদিহিমূলক প্রশাসনের মাধ্যমে কম খরচে স্বল্প সময়ে সেবা প্রদান এবং টেকসই অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করাই ডিজিটাল বাংলাদেশের প্রধান লক্ষ্য। জনগণের দোরগোড়ায় তথ্য ও সেবা পৌঁছে দেয়ার জন্য বর্তমান সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। দেশের প্রতিটি ইউনিয়নে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। গ্রাম পর্যায়ে 4G মোবাইল নেটওয়ার্ক সম্প্রসারণ করা হয়েছে। গ্রাম পর্যায়ে এ্যাডভান্স ইন্টারনেট সুবিধা পৌঁছে দেয়ার পরিকল্পনাও সরকারের রয়েছে। সরকারের এ সকল পরিকল্পনা বাস্তবায়নে তথ্য ও প্রযুক্তি বিভাগ নিরলসভাবে কাজ করছে।

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮, পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিজস্ব কর্মপরিকল্পনা প্রকাশ একটি সময়োপযোগী উদ্যোগ। এ কর্মপরিকল্পনা উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প-২০৪১ বাস্তবায়নে সহায়ক হবে বলে আমি আশা করি।

আমি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন কামনা করছি।

(মোঃ নজিবুর রহমান)

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ফোন: +৮৮ ০২ ৮১৮১৫৪৭
ই-মেইল: secretary@ictd.gov.bd

বাণী

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন যার আধুনিক রূপ আজকের ডিজিটাল বাংলাদেশ। জাতির পিতার সূচিত পথ ধরে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ ও দূরদর্শী নেতৃত্বে বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১-এর অবিচ্ছেদ্য অংশ ডিজিটাল বাংলাদেশ। ২০২১ সালের মধ্যে একটি জ্ঞানভিত্তিক আধুনিক বাংলাদেশ বিনির্মাণ এবং মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্য নিয়ে ২০০৯ সালের জানুয়ারি থেকে শুরু হয় ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অভিযাত্রা। এ অভিযাত্রায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-সেবাকে সারা দেশে সর্বস্তরে ছড়িয়ে দিয়ে এর সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে ডিজিটাল অর্থনীতি গড়ে তোলা এবং দেশের জনগোষ্ঠীকে মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞ ডিজিটাল বাংলাদেশের আর্কিটেক্ট মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদের সুযোগ্য পৃষ্ঠপোষকতা ও সময়োপযোগী দিক-নির্দেশনায় এক সম্ভাবনাময় বাংলাদেশ বিনির্মাণে আমরা কাজ করে যাচ্ছি। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলকের সঠিক নেতৃত্বে অবকাঠামো প্রতিষ্ঠা, মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্ন্যান্স এবং তথ্য-প্রযুক্তি শিল্পের বিকাশ এই চারটি মূল স্তম্ভকে ভিত্তি করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের পথে আমরা এগিয়ে চলেছি। ২০২১ সালের মধ্যে আইসিটি পেশাজীবীর সংখ্যা ২০ লাখে উন্নীত করা এবং অবকাঠামো তৈরি, শিক্ষার মাধ্যমে জনসম্পদ তৈরি, কর্মসংস্থান সৃষ্টি ও শিল্পের বিকাশ ঘটিয়ে রপ্তানি আয় বৃদ্ধির মাধ্যমে এ খাতের আয় ২০২১ সালের মধ্যে ৫ বিলিয়ন ডলার এবং ২০৪১ সালে ৫০ বিলিয়ন ডলারে উন্নীত করার লক্ষ্যে কাজ করছে এ বিভাগ।

ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের ধারাবাহিকতায় একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে বাংলাদেশ আওয়ামী লীগ ঘোষিত নির্বাচনী ইশতেহারে প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ, তরুণ-যুবসমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর ও কর্মসংস্থানের নিশ্চয়তা তথা দেশের সার্বিক উন্নয়নে ডিজিটাল প্রযুক্তির অধিকতর ব্যবহারের লক্ষ্য ও পরিকল্পনা ব্যক্ত করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ২০১৮ সালের নির্বাচনী ইশতেহারে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনাকে সর্বাধিক গুরুত্ব প্রদান করে একটি সময়োপযোগী ও বাস্তবে অর্জনযোগ্য কর্মকৌশল প্রণয়ন করেছে।

এ বাস্তবায়ন কৌশলের প্রথমেই ৫ বৎসর মেয়াদি লক্ষ্য ও বাস্তবায়ন সূচক নির্ধারণ করা হয়েছে। এ সকল কার্যক্রমের সঙ্গে এ বিভাগের এপিএ এবং এসডিজি সূচকের সমন্বয় সাধন করা হয়েছে।

নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী এ বিভাগের বাস্তবায়ন কৌশল প্রণয়নের জন্য গঠিত কমিটি কর্মশালা ও আলোচনা সভার মাধ্যমে প্রাপ্ত সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে এ বাস্তবায়ন কৌশল প্রণয়ন করেছে। আমি কমিটির সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাই।

আমি আশা করি এ বিভাগ এবং এর আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারী এ কর্মপরিকল্পনা বাস্তবায়নে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখবে।

(এন এম জিয়াউল আলম)

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের চার স্তম্ভ	০১ - ৪২
ডিজিটাল বাংলাদেশ: ১০ বছরের অর্জন	৪৩ - ৪৬
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রণীত আইন, বিধিমালা, নীতিমালা, নির্দেশিকা ও স্ট্র্যাটেজি-সমূহ	৪৭ - ৫০
'মুজিব বর্ষ ২০২০' উদযাপন উপলক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রস্তাবিত ১০০+ কৌশল	৫১ - ৫৩
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইভেন্ট-বিষয়ক ক্যালেন্ডার	৫৪
বিভিন্ন দেশের সঙ্গে আইসিটি বিভাগের সমঝোতা স্মারক	৫৫ - ৫৭
একাদশ জাতীয় নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা	৫৮ - ১০১
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বিভিন্ন সংস্থার বিবরণ	১০২ - ১১০
স্থিরচিত্র	১১১ - ১১৬

আমাদের সামনের দিনের চ্যালেঞ্জ হচ্ছে ডিজিটাল যুগে বিশ্ব পরিমণ্ডলে সামনের কাতারে থাকা। আমাদের স্বপ্ন হচ্ছে মুজিব বর্ষ-২০২০, ডিজিটাল বাংলাদেশ বর্ষ-২০২১, এসডিজি বর্ষ-২০৩০ ও উন্নত বাংলাদেশ বর্ষ-২০৪১ সালের রূপকল্প বাস্তবায়ন করা। এইসব পরিকল্পনা বাস্তবায়নে ডিজিটাল ক্ষেত্রে বর্তমানে যে বিপ্লব চলছে, তা ক্রমে যুগোপযোগী করে অগ্রসর করার ভিতর দিয়েই গড়ে উঠবে তরুণ প্রজন্মের স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ।

- নির্বাচনী ইশতেহার ২০১৮

ডিজিটাল বিপ্লবের পথ ধরে একবিংশ শতাব্দীর ঊষালগ্ন থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) উন্নয়ন ও অগ্রগতিতে এক গুরুত্বপূর্ণ হাতিয়ার হয়ে ওঠে। বাংলাদেশ তার উন্নয়ন ও অগ্রযাত্রাকে এগিয়ে নিতে ডিজিটাল বিপ্লবে শামিল হওয়াসহ আইসিটির ব্যবহারকে সর্বোচ্চ গুরুত্ব দেয়। এর প্রতিফলন দেখা যায় ২০০৮ সালের ২৯ ডিসেম্বর জাতীয় নির্বাচনের প্রাক্কালে। ২০০৮ সালের ১২ ডিসেম্বর বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি জননেত্রী শেখ হাসিনা রূপকল্প ২০২১ এর ঘোষণা দেন। এর মূল উপজীব্য করা হয় ডিজিটাল বাংলাদেশকে। গণতন্ত্র, সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহি, ন্যায়বিচার ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠার অঙ্গীকারকে এগিয়ে নেওয়াই ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নের মূল লক্ষ্য।

ডিজিটাল বাংলাদেশের চারটি স্তম্ভ:

১. কানেক্টিং বাংলাদেশ

২. দক্ষ মানবসম্পদ

৩. ই-গভর্নমেন্ট

৪. ইন্ডাস্ট্রি প্রোমোশন

বিগত দশ বছরে ডিজিটাল বাংলাদেশের চার স্তম্ভের আলোকে বিভিন্ন উদ্যোগ, প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন করা হয়। এ সময়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের অভূতপূর্ব সম্প্রসারণ ঘটে যা ডিজিটাল অর্থনীতি ও জ্ঞাননির্ভর সমাজ বিনির্মাণের পথ সুগম করে।

একটি আধুনিক, প্রযুক্তিনির্ভর, দক্ষ দুর্নীতিমুক্ত দেশপ্রেমিক গণমুখী প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলার কাজ অব্যাহত থাকবে।

- নির্বাচনী ইশতেহার ২০১৮

কানেক্টিং বাংলাদেশ

DIGITAL BANGLADESH
Skilled • Equipped • DigitalReady

ICT DIVISION
FUTURE IS HERE

২২০৪+

ইউনিয়নে ওয়াইফাই সংযোগ

বাংলাগভঃনেট প্রকল্প

সরকারের সকল দপ্তরকে একীভূত নেটওয়ার্কের আওতায় আনার লক্ষ্যে ৫৮টি মন্ত্রণালয়/ বিভাগসহ গুরুত্বপূর্ণ ২৪০টি সরকারি দপ্তর এবং ৬৪ জেলা ও নির্বাচিত ৬৪ টি উপজেলায় নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। এছাড়া সরকারের গুরুত্বপূর্ণ ১৪০টি মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তরকে জাতীয় নেটওয়ার্কের সাথে সংযুক্ত করার জন্য ঢাকা মেট্রোপলিটন এরিয়ায় ৭২/৩৬/২৪ কোরের ৪৩.৬ কি.মি. ফাইবার ক্যাবল স্থাপন করা হয়েছে।

ইনফো-সরকার-২ প্রকল্প

সকল জেলা ও উপজেলা পর্যায়ের সরকারি কার্যালয়ে আইসিটি নেটওয়ার্ক সম্প্রসারণের লক্ষ্যে ১৮৪৩৪টি সরকারি অফিসকে একীভূত নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে ও ৮০০+ গুরত্বপূর্ণ দপ্তরে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। উপজেলা পর্যন্ত সরকারি দপ্তরসমূহে অপটিক্যাল ফাইবার ক্যাবল দ্বারা সংযুক্ত করা হয়েছে।

ইনফো-সরকার-৩ প্রকল্প

দেশের প্রান্তিক গ্রামীণ জনপদে দ্রুতগতির ইন্টারনেট সেবা সরবরাহের লক্ষ্যে ২৬০০ ইউনিয়ন পরিষদ এবং ১০০০ পুলিশ স্টেশনে উচ্চগতির ইন্টারনেট সংযোগ প্রদানের প্রক্রিয়া চলছে। তাছাড়াও, ২২০৪টি ইউনিয়ন পরিষদে ওয়াইফাই জোন স্থাপন করে জনগণকে ইন্টারনেট সুবিধা প্রদান করা হচ্ছে। দেশব্যাপী ইউনিয়ন পরিষদ সমূহকে সংযুক্ত করতে ১৯,৫০০ কি.মি. অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের কাজ চলমান রয়েছে।

কানেক্টেড বাংলাদেশ প্রকল্প

সরকারের রূপকল্প ২০২১: ডিজাটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশব্যাপী সুদৃঢ়, আধুনিক এবং উচ্চ ক্ষমতাসম্পন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিকাঠামো প্রতিষ্ঠার লক্ষ্যে সারা দেশে আইসিটি নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দুর্গম এলাকায় তথ্যপ্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) প্রকল্পের মাধ্যমে দেশের ৭৭২টি দুর্গম ইউনিয়নকে এই নেটওয়ার্কের আওতায় আনা হবে। এর ফলে বাংলাদেশের সকল ইউনিয়ন দ্রুতগতির ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটির আওতায় আসবে। ডিজিটাল ডিভাইড বহুলাংশে দূরীভূত হবে।

ডিজিটাল আইল্যান্ড মহেশখালী প্রকল্প

ডিজিটাল বাংলাদেশের সুবিধা দেশের উপকূলীয় দ্বীপাঞ্চলে সম্প্রসারণের উদ্দেশ্যে ২০১৬ সালে 'ডিজিটাল আইল্যান্ড মহেশখালী' প্রকল্প গ্রহণ করা হয়। এ প্রকল্পের আওতায় মহেশখালী দ্বীপে তিনটি নির্বাচিত ইউনিয়নের ২৫টি সরকারি প্রতিষ্ঠানে উচ্চগতির ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ করা হয়। এ সুবিধা ব্যবহার করে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও ই-কমার্স কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

দক্ষ মানবসম্পদ

তারুণ্যের শক্তি
মুক্তিযুদ্ধের চেতনা ও সামাজিক মূল্যবোধ
চাহিদাভিত্তিক মানবসম্পদ উন্নয়ন
কর্মসংস্থান ও উদ্যোক্তা
নিরাপদ অভিবাসন
সংস্কৃতি ও খেলাধুলায় উৎসাহ
জঙ্গিবাদ ও মাদক নির্মূল
উদ্ভাবনী গবেষণা
ICT DIVISION
FUTURE IS HERE
DIGITAL BANGLADESH

দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে বিগত এক দশকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর অধীন বিভিন্ন সংস্থা আইটি খাতের বিভিন্ন বিষয়ে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

এলআইসিটি প্রকল্প

দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের বিকাশ ও দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে লিভারেজিং আইসিটি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট অ্যান্ড গভর্নেন্স (এলআইসিটি) শীর্ষক প্রকল্পের আওতায় ৩৫,০০০+ আইটি প্রশিক্ষিত দক্ষ কর্মী তৈরি করা হয়েছে। এ প্রকল্পের আওতায় টপ-আপ আইটি, ফাউন্ডেশন, ফাস্ট ট্র্যাক ফিউচার লিডার (এফটিএফএল), মধ্যম পর্যায়ের ব্যবস্থাপকদের জন্য এসিএমপি ৪.০ এবং আইটি কোম্পানির সর্বোচ্চ নীতি নির্ধারকদের জন্য বিশেষায়িত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। এছাড়া আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য এফটিএফএল কর্মসূচির আওতায় বিগ ডাটা অ্যানালাইটিকস, ক্লাউড কম্পিউটিং, আইওটি, মেডিক্যাল স্ক্রাইব, ব্লকচেইন, ভার্চুয়াল রিয়ালিটি, মেশিন লারনিং, রোবটিক্স, আর্টিফিসিয়াল ইনটিলিজেন্স ইত্যাদি বিষয়ে প্রায় ২৫০০ জনকে প্রশিক্ষণ এবং চাকরি প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণপ্রাপ্তদের কর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে আইটি কোম্পানির সাথে যোগসূত্র স্থাপন করে দেয়া হচ্ছে। এজন্য বিভিন্ন সময়ে চাকুরি মেলার আয়োজন করা হচ্ছে। গত তিন বছরে বিভাগীয় শহরে মোট ৬টি জব ফেয়ারের আয়োজন করা হয় যেখানে লক্ষাধিক তরুণ-তরুণী অংশগ্রহণ করে।

লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প

লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় ইতোমধ্যে ৫৭,০১০ জনকে প্রশিক্ষণ দিয়ে ফ্রিল্যান্সার হিসেবে গড়ে তোলা হয়েছে। এর মধ্যে ৪১,৬০০ জন নারী। প্রফেশনাল আউটসোর্সিং ট্রেনিং প্রাপ্তরা আউটসোর্সিংয়ের কাজ করে এ পর্যন্ত প্রায় ১৬ লক্ষ মার্কিন ডলার আয় করেছে।

বিশেষভাবে সক্ষম/ প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা উন্নয়ন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিত করতে আইসিটি ব্যবহার করে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়নে নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। এর অংশ হিসেবে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমে বিনামূল্যে তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য ২০১৫ সাল থেকে নিয়মিত চাকরি মেলা আয়োজন করা হচ্ছে। প্রতিবন্ধী ব্যক্তিদের প্রযুক্তি চর্চায় উৎসাহিত করার জন্য ২০১৬ সাল থেকে প্রতিবছর জাতীয় আইটি প্রতিযোগিতা আয়োজন করা হচ্ছে। এছাড়া তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্ট ডিসওর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। বিসিসির নিয়মিত কার্যক্রম ও গৃহীত প্রকল্পের মাধ্যমে ইতোমধ্যে ১৪০০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৪০০+ প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

বিশেষায়িত ল্যাব

বিশ্ববিদ্যালয় ও আইটি/হাই-টেক ইন্ডাস্ট্রির মধ্যে সেতুবন্ধন সৃষ্টির মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে Artificial Intelligence (AI), Internet of Things (IOT), Machine Learning, Data Science, AR/VR/MR, Robotics, Cyber Security and Software Testing ইত্যাদি বিষয়ে বিশেষায়িত ল্যাবরেটরি স্থাপন করছে। ইতোমধ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ২১টি ল্যাব স্থাপন করা হয়েছে। এ ল্যাবগুলো শিক্ষাদানের পাশাপাশি ছাত্র-শিক্ষকসহ অন্যান্য গবেষকদের গবেষণার কাজে ব্যবহৃত হচ্ছে। ২০২৩ সালের মধ্যে ৩৯টি বিশেষায়িত ল্যাব স্থাপন করা হবে।

৪১৭৬টি

শেখ রাসেল ডিজিটাল ল্যাব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" প্রকল্পের মাধ্যমে সৌদি আরবে ১৫টি সহ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট ৪১৭৬টি 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' ও 'শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম' স্থাপিত হয়েছে। এর মধ্যে ৬৫টি ভাষা প্রশিক্ষণ ল্যাব এবং ১৬০টি 'শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম' রয়েছে।

Bangladesh IT-engineers Examination Centre (BD-ITEC)

বাংলাদেশের **IT Engineers Examination (ITEE)** পরীক্ষা নিয়মিতভাবে পরিচালনার জন্য প্রাতিষ্ঠানিকভাবে **Bangladesh IT-engineers Examination Centre (BD-ITEC)** স্থাপন করা হয়েছে। এ পরীক্ষার মাধ্যমে ইতোমধ্যে ৩৬৫ জনকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

আইসিটি খাতে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিভিন্ন প্রকল্পের আওতায় আইটি বিষয়ে ১১,৫০০ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে (এদের মধ্যে ৯৮ জনকে JAVA বিষয়ে ভারতের ইনফোসিস থেকে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে) এবং এদের মধ্যে ৪৪৭৬ জনের কর্মসংস্থান হয়েছে। AI, IOT, Machine Learning, Cyber security, Big Data ইত্যাদি উচ্চতর বিষয়ে প্রশিক্ষণের জন্য গত ১৫-০৯-২০১৯ তারিখে ৫০ জন আইটি গ্র্যাজুয়েটকে জাপানে পাঠানো হয়েছে; আরো ৫০ জনকে উচ্চতর বিষয়ে প্রশিক্ষণের জন্য ভারতে প্রেরণের নিমিত্ত চূড়ান্তভাবে নির্বাচন করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ২০২৩ সালের মধ্যে ৪০,০০০ জন তরুণ-তরুণীকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।

সাইবার নিরাপত্তা প্রশিক্ষণ

সারা দেশের ০৮টি বিভাগের ১১৬টি শিক্ষা প্রতিষ্ঠানে Cyber Security Awareness for Woman Empowerment শীর্ষক সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালাগুলোতে ৮ম-১০ম শ্রেণির প্রায় ৩৫,০০০ ছাত্রীকে হাতে-কলমে সাইবার নিরাপত্তা-বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। অংশগ্রহণকারীগণ সাইবার অপরাধ-সংক্রান্ত আইনের ব্যাখ্যা, সামাজিক যোগাযোগ মাধ্যম নিরাপদে ব্যবহারের কৌশলসমূহ, অপরাধ সংঘটিত হলে তা থেকে পরিত্রাণের উপায়, সহায়তা পাওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহের নম্বর এবং অভিযোগ করার সুনির্দিষ্ট পদ্ধতি সম্পর্কে ধারণা লাভ করেছেন।

সরকারি কর্মকর্তাদের সাইবার নিরাপত্তা প্রশিক্ষণ

সরকারি কর্মকর্তা ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ২৪০০ জনকে Cyber Security, Digital Forensic & Vulnerability Assessment প্রশিক্ষণ প্রদান করা হয়।

ফেসবুকের #BoostYourBusiness-এর আওতায় প্রশিক্ষণ

বিশ্বে সামাজিক যোগাযোগের সবচেয়ে বড় প্ল্যাটফর্ম ফেসবুক-এর মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের লিভারেজিং আইসিটি ফর গ্রোথ, এমপ্লয়মেন্ট অ্যান্ড গভর্নেন্স (এলআইসিটি) প্রকল্পের অধীনে আইটি প্রশিক্ষণপ্রাপ্ত ১০ হাজার তরুণ-তরুণীকে ডিজিটাল মার্কেটিং এর ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

শী পাওয়ার প্রকল্প

আইসিটি ব্যবসায় নারী উদ্যোক্তা সৃজনের মাধ্যমে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে শী পাওয়ার (প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন) প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় প্রায় ৪,০০০ নারীকে আইটি সার্ভিস প্রোভাইডার, ৪,০০০ নারীকে ফ্রিল্যান্সার টু অন্টারপ্রেনিউর এবং প্রায় ২,৫০০ নারীকে কল সেন্টার এজেন্ট হিসেবে প্রশিক্ষিত করে তোলা হয়েছে।

শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি: মাল্টিমিডিয়া ক্লাসরুম

'তথ্যপ্রযুক্তি শিক্ষা নয়, বরং শিক্ষায় তথ্যপ্রযুক্তি' এই মূলমন্ত্রকে ধারণ করে শ্রেণিকক্ষের শিখন-শেখানো কার্যক্রমকে শিক্ষার্থীকেন্দ্রিক, আকর্ষণীয় ও কার্যকর করে তোলার উদ্দেশ্যে মাল্টিমিডিয়া ক্লাসরুম, শিক্ষক কর্তৃক মাল্টিমিডিয়া কন্টেন্ট তৈরি, শিক্ষক বাতায়ন, মুক্তপাঠ ই-লার্নিং প্ল্যাটফর্ম, মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং অ্যাপ ও ড্যাশবোর্ড, ই-বুক এবং ডিজিটাল মাল্টিমিডিয়া টকিং বুক প্রভৃতি উদ্ভাবনগুলো বাস্তবায়ন করা হচ্ছে।

- ২৩,৩৩১টি মাধ্যমিক ও ১৫,০০০টি প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাসরুম (অর্থাৎ ১টি ল্যাপটপ, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ইন্টারনেট মডেম, সাউন্ড সিস্টেম এবং অন্যান্য প্রচলিত উপকরণ) স্থাপন করা হয়েছে।
- ৩৮ হাজারের অধিক মাল্টিমিডিয়া ক্লাসরুমের এমএমসি মনিটরিং অ্যাপ ও ড্যাশবোর্ড প্রবর্তন করা হয়েছে।
- প্রায় ৩ লক্ষ শিক্ষক এবং ১,৬৫০ জন মাস্টার ট্রেনার মাল্টিমিডিয়া কন্টেন্ট তৈরি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হয়েছেন।
- ১০০০+ শিক্ষককে প্রোগ্রামিং, গ্রাফিক ডিজাইন, ওয়েব ও মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট-বিষয়ক উন্নত প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

শিক্ষক বাতায়ন: শিক্ষার উৎকর্ষ সাধনে শিক্ষক

শিক্ষক বাতায়ন (www.teachers.gov.bd) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক সকল স্তরের শিক্ষকদের জন্য একটি সমন্বিত প্ল্যাটফর্ম। মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনার জন্য প্রয়োজনীয় মাল্টিমিডিয়া কন্টেন্টসমূহ-এ বাতায়নে পাওয়া যাচ্ছে। এখানে শিক্ষকদের মধ্যে ব্লগিংয়ের ব্যবস্থাও রাখা হয়েছে।

- সদস্য সংখ্যা: ৩৬৯,০৯৩ জন শিক্ষক।
- শিক্ষামূলক কনটেন্ট: ১৬১,২২০টি।
- মডেল কনটেন্ট: ৯৪৩টি।

কিশোর বাতায়ন

কিশোর বাতায়ন (www.konnect.edu.bd) কিশোর-কিশোরীদের নিজেদের মধ্যে যোগাযোগ স্থাপনের একটি ডিজিটাল প্ল্যাটফর্ম। বাংলাদেশের সব কিশোর-কিশোরী যেকোনো প্রান্তে বসে 'কিশোর বাতায়নে' একই সঙ্গে বিদ্যমান কনটেন্ট দেখতে পারবে ও নতুন কনটেন্ট যুক্ত করতে পারবে। এতে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও প্রতিফলন, সাংস্কৃতিক মননশীলতার চর্চা ও ডিজিটাল কনটেন্ট হিসেবে মাল্টিমিডিয়া ক্লাসরুমে ব্যবহারের সুযোগও রয়েছে।

- বাতায়নে সংযুক্ত কিশোর-কিশোরীর সংখ্যা প্রায় ৩,০০,০১৫
- সর্বমোট ২৮,০০০+ কনটেন্ট।

মুক্তপাঠ

'মুক্তপাঠ' (www.muktopaath.gov.bd) বাংলা ভাষায় নির্মিত একটি উন্মুক্ত ই-লার্নিং প্ল্যাটফর্ম। এ প্ল্যাটফর্ম থেকে আগ্রহী যে কেউ যেকোনো সময় যেকোনো স্থান থেকে অনলাইন কোর্সে অংশগ্রহণের মাধ্যমে বিভিন্ন বিষয়ে পেশাগত জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবেন। এই প্ল্যাটফর্মে সাধারণ শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং জীবনব্যাপী শিক্ষার সুযোগ রয়েছে। মুক্তপাঠের অনলাইন কোর্সগুলোর পাশাপাশি অফলাইনের কন্টেন্ট ব্যবহার করে যে কেউ শিখতে পারেন।

- সদস্য সংখ্যা: ১৯৫২৯৫ জন।
- সর্বমোট ই-লার্নিং কোর্স: ১০৫টি।
- মুক্তপাঠের পার্টনার: ৭০টি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান।

কর্মসংস্থানের জন্য দক্ষতা

সবার জন্য যথোপযুক্ত কর্মসংস্থান নিশ্চিতকরণ ও মাথাপিছু রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে এটুআই-এর একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হলো 'কর্মসংস্থানের জন্য দক্ষতা'। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা-২০১১ ও জাতীয় যুব নীতিমালা-২০১৭ এর আলোকে এটুআই থেকে নানাবিধ দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- অ্যাপ্রেনটিসশিপ বা শিল্পপ্রতিষ্ঠানভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে এ পর্যন্ত ৪৪,৪০০ বেকার নারী-পুরুষকে কর্মে নিযুক্ত করা হয়েছে।
- 'আমার বাড়ি আমার খামার' প্রকল্পের ৩ লাখ উপকারভোগীর মধ্যে ইতোমধ্যে ৩০,০০০ উপকারভোগীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- ১০,৩৩০ বেকার নারী-পুরুষকে ট্যুরিজম ও হসপিটালিটি সেক্টরের বিভিন্ন ট্রেডে হাতে-কলমে প্রশিক্ষণ দিয়ে যথোপযুক্ত কর্মে নিযুক্ত করা হয়েছে।
- বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর সহযোগিতায় লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে প্রায় ৫,৮২০ বেকার যুব দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান করা হয়েছে।

- ৪০,০০০-এর বেশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বেকার নারী-পুরুষকে দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়, এসএমই ফাউন্ডেশন ও বাংলাদেশ উইমেন ইন টেকনোলজির সঙ্গে অংশীদারত্বের মাধ্যমে দেশের ৬৪টি জেলায় ৩,০০০ নারী ফ্রিল্যান্সার তৈরি করা হয়েছে।
- ইমাম-মুয়াজ্জিনদের মধ্যে বিভিন্ন বিষয়ে সচেতনতা সৃষ্টি ও তাদের কারিগরি শিক্ষায় প্রশিক্ষিত করতে ইমাম বাতায়ন (www.imam.gov.bd) গঠন করা হয়েছে। বর্তমানে ১ লক্ষ ২০ হাজার ইমাম-মুয়াজ্জিন এ বাতায়নে যুক্ত রয়েছেন।
- দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগসমূহ নিয়মিত মনিটরিং এবং মেন্টরিং ও শিল্পপ্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান ও বেকার নারী-পুরুষদের মধ্যে সমন্বয়ের লক্ষ্যে দক্ষতা বাতায়ন (www.skills.gov.bd) তৈরি করা হয়েছে।

সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে দীর্ঘসূত্রতা, দুর্নীতি, আমলাতান্ত্রিক জটিলতা এবং সর্বপ্রকার হয়রানির অবসান ঘটানোর কাজ অব্যাহত থাকবে। বিশেষভাবে সিদ্ধান্ত গ্রহণের নানা স্তর কঠোরভাবে সংকুচিত করা হবে।

- নির্বাচনী ইশতেহার ২০১৮

ই-গভর্নমেন্ট

আইনের শাসন
এক সেবা বাতায়নে
২,০০০+ ডিজিটাল সেবা
পেপারলেস অফিস
জবাবদিহিতার মূল্যায়ন
সুশাসন
একক আইডি
শুদ্ধাচার ও অভিযোগ প্রতিকার
অংশগ্রহণমূলক সরকার
DIGITAL BANGLADESH
ICT DIVISION
FUTURE IS HERE

জাতীয় ডাটা সেন্টার
(টিয়ার থ্রি এবং টিয়ার ফোর)

ই-গভর্মেন্ট বাস্তবায়নের জন্য বিদ্যমান ডাটা সেন্টারের হোস্টিং ক্ষমতা বাড়ানো হয়েছে। ইলেক্ট্রনিক পদ্ধতিতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের ডাটা সংরক্ষণের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে স্থাপিত ডাটা সেন্টারের সম্প্রসারণ করে ২০৬টি রেক স্পেসের ক্ষমতায় উন্নীত করা হয়েছে। এতে সরকারি ওয়েব সাইট (৬২৭টি), ই-মেইল হোস্টিং সার্ভিস (৭৭৩৪৯টি ই-মেইল একাউন্ট), বাংলাদেশ নির্বাচন কমিশনের জাতীয় পরিচয়পত্র ও ভোটার তালিকার তথ্যভাণ্ডার, ই-সেবা সংক্রান্ত কার্যক্রম, জাতীয় তথ্য বাতায়ন (৪৭ হাজার সরকারি দপ্তরের তথ্য বাতায়ন), জাতীয় রাজস্ব বোর্ডের ই-ভ্যাট, ই-ট্যাক্স ইত্যাদি সিস্টেম, অর্থ বিভাগের অনলাইন বেতন ও পেনশন নির্ধারণী সিস্টেম হোস্টিং করা হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে স্থাপিত টায়ার থ্রি ডাটা সেন্টারটি ISO-27001 ও ISO-20000 আন্তর্জাতিক মান অর্জন করেছে। দুর্যোগকালীন সময়ে জাতীয় ডাটা সেন্টারের গুরুত্বপূর্ণ সেবা ও তথ্যের প্রাপ্যতা নিশ্চিত করার জন্য শেখ হাসিনা সফ্টওয়্যার টেকনোলজি পার্ক, যশোর-এ ৩ পেটাবাইট স্টোরেজ ক্ষমতাসম্পন্ন ডিজাস্টার রিকভারি ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আরেকটি বড় অর্জনের তালিকায় যোগ হচ্ছে টিয়ার ফোর জাতীয় ডাটা সেন্টার (Tier-IV National Data Centre)। তথ্য সুরক্ষা ও অধিক হোস্টিং ক্ষমতার এই ডাটা সেন্টারটি আন্তর্জাতিক মানের এবং এর ডিজাইন অনুমোদিত হয় যুক্তরাষ্ট্রের আপটাইম ইনস্টিটিউট থেকে। গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু হাইটেক সিটিতে এই ডাটা সেন্টারটি স্থাপিত হয়েছে। ইতোমধ্যে জাতীয় ডাটা সেন্টার দু'টি আন্তর্জাতিক পুরস্কার অর্জন করেছে।

ই-গভর্নমেন্ট রোডম্যাপ ও ই-গভর্নেন্স ইন্টারঅপারেবিলিটি ফ্রেমওয়ার্ক (e-GIF)

ই-গভর্নমেন্ট কার্যক্রম বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ই-গভর্নমেন্ট মাস্টার প্লান প্রকল্পের আওতায় সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর এবং সংস্থাসমূহকে Bangladesh National Digital Architecture (BNDA)-এর মধ্যে আনয়নের জন্য একটি রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে। সরকারি দপ্তরসমূহের মধ্যে তথ্য-উপাত্ত ইলেক্ট্রনিক উপায়ে আদান-প্রদান বাস্তবায়নে BNDA-এর অংশ হিসেবে ই-গভর্নেন্স ইন্টারঅপারেবিলিটি ফ্রেমওয়ার্ক (e-GIF) প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, এই ফ্রেমওয়ার্কের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ২০১৮ সালের ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি পুরস্কার লাভ করে।

ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট ও সেবা

সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে দেশে ইলেক্ট্রনিক পদ্ধতিতে স্বাক্ষর প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

- বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা ও আগ্রহী ব্যক্তিবর্গের নিকট কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ (সিসিএ) ৫২,৩৩৫ টি ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিতরণ করেছে এবং প্রশিক্ষণ প্রদান করেছে।
- 'ডিজিটাল নিরাপত্তায় মেয়েদের সচেতনতা' শীর্ষক সচেতনতামূলক ওয়ার্কশপে ৮ম-১০ম শ্রেণির প্রায় ৩৫০০০ জন ছাত্রীকে হাতে-কলমে সাইবার নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- ই-টিআইএন-এ ডিজিটাল স্বাক্ষরের ব্যবহার শুরু করা হয়েছে।
- ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের উদ্দেশ্যে ব্যবহারকারীর তথ্য যাচাইয়ের জন্য নির্বাচন কমিশনের ডাটাবেজের সঙ্গে একটি সংযোগ স্থাপন করা হয়েছে।
- পিকেআই সিস্টেমের মানোন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে এবং সাইবার অপরাধ নিয়ন্ত্রণ ও তদন্তের জন্য ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন করা হয়েছে।

BGD e-Gov CIRT

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে e-Gov CIRT (Computer Incident Response Team) প্রতিষ্ঠা করা হয়েছে। ইউএসএ-তে অবস্থিত First Organization-এর মাধ্যমে বাংলাদেশ Global Forum for Incident Response and Security Teams-এর সদস্য পদ লাভ করে। বাংলাদেশ e-Gov CIRT কর্তৃক দেশের ১৪৩ টি সরকারি অফিসের ওয়েব সাইটের vulnerability টেস্ট করা হয়।

২৪ ঘন্টা সেবা প্রদান।

৩.৫ মিলিয়ন+ কল

১১০০০+ সামাজিক সমস্যার সমাধান।

৮০০০০+ ইসলামিক ও কলসালটেন্সি সেবা

৩৩৩ তথ্য ও সেবা সবসময়

'তথ্য ও সেবা সবসময়' এই স্লোগানকে সামনে রেখে চালু হয় কল সেন্টার ৩৩৩। দেশের অভ্যন্তরে নাগরিকগণ ৩৩৩ এবং প্রবাসীগণ ০৯৬৬৬৭৮৯৩৩৩ নম্বরে কল করে সরকারি সেবাপ্রাপ্তির পদ্ধতি, জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারীদের সঙ্গে যোগাযোগের তথ্য, ইসলামিক মাসআলা-মাসায়েল, পর্যটন ও জেলা-সম্পর্কিত তথ্য সম্পর্কে অবহিত হতে পারছেন এবং বিভিন্ন সামাজিক সমস্যার প্রতিকারে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিত করতে পারছেন।

- সরকারি সেবা প্রাপ্তির তথ্য
- সরকারি কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগের তথ্য
- বিভিন্ন সামাজিক সমস্যার প্রতিকার
- পর্যটন ও জেলা সম্পর্কিত তথ্য
- ইসলামিক মাসআলা মাসায়েল
- ই-টিন সংক্রান্ত তথ্য
- নিরাপদ অভিবাসন তথ্য ও অভিযোগ

মোবাইল হতে **333** ডায়াল করুন

*৬০ পয়সা/মিনিট

৩৬৫ দিন ২৪X৭

বিদেশ থেকে ডায়াল করুন
+8809666789333

৯৯৯-এর আনুষ্ঠানিক যাত্রা

জাতীয় পর্যায়ে সর্বস্তরের জনগণের জন্য মোবাইল ফোনভিত্তিক হেল্পডেস্ক বাস্তবায়ন কর্মসূচির আওতায় পরিচালিত ন্যাশনাল ইমার্জেন্সি সার্ভিস '৯৯৯' চালুর উদ্যোগ গ্রহণ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। পরীক্ষামূলক-ভাবে চালু অবস্থায়ই এই সার্ভিসটি মানুষের মাঝে ব্যাপক সাড়া ফেলে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ জনপ্রিয় এই কল সেন্টারটি পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে হস্তান্তর করে। ৯৯৯ ইমার্জেন্সি সার্ভিস চালুর মাধ্যমে দেশের সকল নাগরিকের জন্য জরুরি পুলিশ, ফায়ার সার্ভিস ও অ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হচ্ছে।

বিভিন্ন সেবাপ্রাপ্তির কল সেন্টার

১০৬ : দুর্নীতি দমন এবং এ বিষয়ে অভিযোগ করতে কল করুন।

১৬২৬৩ : ২৪ ঘণ্টা বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ পেতে (জাতীয় স্বাস্থ্য বাতায়ন) কল করুন।

১৬১২৩ : কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ে যেকোনো সমস্যার তাৎক্ষণিক পরামর্শ পেতে কল করুন।

৩৩৩১ : কৃষি-বিষয়ক যেকোনো পরামর্শ ও সেবার জন্য কল করুন।

১০৫ : জাতীয় পরিচয়পত্রের তথ্য জানতে কল করুন।

১৩১ : বাংলাদেশের সকল রুটের ট্রেনের খবর ও টিকিট-সংক্রান্ত তথ্য জানতে কল করুন।

১০৯৮ : সুবিধাবঞ্চিত, নির্যাতিত ও বিপদাপন্ন শিশুদের জন্য ২৪ ঘণ্টা জরুরি সহায়তা।

১০৯ অথবা ১০৯২১ : নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেল।

১৬১০৮ : মানবাধিকার সহায়ক কল সেন্টার।

১৬৪৩০ : দুঃস্থ ও দরিদ্র মানুষকে বিনামূল্যে আইনগত পরামর্শ বা সাহায্য প্রদান।

১০০ : বেসরকারি ফোন সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবা না পেলে অভিযোগ করুন।

ডিজিটাল সেন্টার

প্রান্তিক জনগোষ্ঠীর নিকট তথ্যপ্রযুক্তির সুবিধা নিশ্চিতে ২০১০ সালের ১১ নভেম্বর সারাদেশে ৪,৫০১টি ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র (ইউআইএসসি) স্থাপন করা হয়। পরবর্তীতে যার নামকরণ করা হয় ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি)। এসব ডিজিটাল সেন্টার এখন কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও সরকারি-বেসরকারি-বাণিজ্যিক তথ্য ও সেবাপ্রাপ্তির অনন্য কেন্দ্রে পরিণত হয়েছে। সারাদেশে ইউনিয়ন পরিষদসহ পৌরসভা, সিটি কর্পোরেশন এবং শিল্পাঞ্চল এলাকায় ৫,৮৬৫টি ডিজিটাল সেন্টার-এর মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। সরকারি-বেসরকারি অংশীদারত্বে (PPP) পরিচালিত ডিজিটাল সেন্টার এক অনন্য দৃষ্টান্ত।

- ৫,০০০+ নারী উদ্যোক্তাসহ ১১,০০০+ উদ্যোক্তা
- ১৫০+ ধরনের সরকারি ও বেসরকারি সেবা প্রদান
- ৪৪.৬ কোটি+ সেবা প্রদান এবং মোট ৩৯৫ কোটি টাকা উপার্জন
- সময়োপযোগী বিজনেস মডেল-এর আলোকে সেবা প্রদানের জন্য 'একসেবা উদ্যোক্তা' প্ল্যাটফর্ম প্রবর্তন

আর্থিক সেবাভুক্তি কার্যক্রম (ফাইন্যান্সিয়াল ইনক্লুশন)

প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যাংকিং সেবার আওতা বহির্ভূত জনগোষ্ঠীকে আর্থিক সেবার আওতায় নিয়ে আসার জন্য এটুআই আর্থিক সেবাভুক্তি (ফাইন্যান্সিয়াল ইনক্লুশন) কার্যক্রম গ্রহণ করেছে। এটুআই, বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে এই কার্যক্রম বাস্তবায়ন করছে।

- বর্তমানে ৩,৮০০+ ডিজিটাল সেন্টারে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম।
- সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ১০ লক্ষ + মানুষকে EFT-এর মাধ্যমে ভাতা প্রদান।
- ৪৭৯০+ কোটি টাকা আর্থিক লেনদেন (আর্থিক অন্তর্ভুক্তিকরণ সেবার মাধ্যমে)।
- ৪৯৫ কোটি টাকার অধিক রেমিট্যান্স উত্তোলন সেবা।

একশপ: রুরাল ই-কমার্স

ই-কমার্স ইন্ডাস্ট্রিকে সারা দেশে প্রসারিত করতে এটুআই চালু করেছে 'একশপ' নামে একটি ইন্টিগ্রেটেড এসিস্টেড ই-কমার্স প্ল্যাটফর্ম। দেশের সব শীর্ষস্থানীয় ই-কমার্স প্রতিষ্ঠানগুলোকে এই প্ল্যাটফর্মের আওতায় আনা হয়েছে। প্রান্তিক উৎপাদক এবং কৃষকরা সহজেই এই প্ল্যাটফর্মের মাধ্যমে পণ্য বিক্রয় করছেন।

- ২.৫ লক্ষ গ্রাহকের ই-কমার্স সেবা গ্রহণ।
- বর্তমানে ৩,৭৬৫+ ডিজিটাল সেন্টার রুরাল ই-কমার্স কাজে সম্পৃক্ত।
- ৮ কোটি+ টাকার বেশি মূল্যের পণ্য লেনদেন।

ই-নামজারি বা ই-মিউটেশন

ভূমি অফিসের নামজারি সেবা ইলেকট্রনিক পদ্ধতিতে কম সময়ে, কম খরচে, বিনা ভোগান্তিতে ও স্বচ্ছতার সঙ্গে প্রদানের জন্য ই-নামজারি তৈরি করা হয়েছে। www.land.gov.bd এই ঠিকানায় যেকোনো নাগরিক ঘরে বসে কিংবা যেকোনো ডিজিটাল সেন্টার থেকে নামজারি-জমাভাগের আবেদন করতে পারেন এবং নামজারি ও জমাভাগ মামলার বর্তমান অবস্থা জানতে পারেন।

- ৪৮৫টি উপজেলা/সার্কেলে ই-নামজারি চলমান।
- প্রায় ৬ লক্ষ ৫৯ হাজার মামলার নিষ্পত্তি হয়েছে।
- সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান।

আরএস খতিয়ান সিস্টেম

ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত আরএস খতিয়ানসমূহ অনলাইনে প্রদর্শন ও বিতরণের লক্ষ্যে এটুআই, ও ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর যৌথভাবে আরএস খতিয়ান সিস্টেম তৈরি করেছে। http://rsk.land.gov.bd/ ঠিকানায় নাগরিকগণ জেলা, উপজেলা, মৌজা নির্বাচন করে খতিয়ান বা দাগ বা মালিকের নাম বা পিতা/স্বামীর নাম দিয়ে অনলাইনে খতিয়ান অনুসন্ধান করতে পারেন, খতিয়ানের বিস্তারিত তথ্য জানতে পারেন এবং খতিয়ানের সত্যায়িত নকলের জন্য আবেদন করতে পারেন। এই সিস্টেমে ১ কোটি ১ লক্ষ + আরএস খতিয়ান সংযোজিত।

ডিজিটাল রেকর্ড রুম

এটুআই-এর সহযোগিতায় ভূমি মন্ত্রণালয় 'ডিজিটাল ল্যান্ড রেকর্ড রুম সার্ভিস (ডিএলআরএস)' প্রকল্পের মাধ্যমে সিএস এবং এসএ খতিয়ানসমূহ ডিজিটাইজ করছে। এই সিস্টেমের মাধ্যমে নাগরিকগণ পর্চার আবেদন ও সত্যায়িত নকল গ্রহণ করতে পারছেন। প্রায় ৩.৫ কোটি খতিয়ান ডিজিটাইজড করা হয়েছে ।

উত্তরাধিকার ডটবাংলা: এক ক্লিকেই সম্পত্তির হিসাব

উত্তরাধিকার ডটবাংলা (উত্তরাধিকার.বাংলা বা inheritance.gov.bd বা uttoradhikar.gov.bd) মৃত ব্যক্তির সম্পদ তাঁর উত্তরাধিকারীদের মধ্যে বণ্টনের হিসাব নির্ণয়ের একটি ক্যালকুলেটর। এই ক্যালকুলেটর এর মাধ্যমে সম্পত্তির বন্টনের হিসাব পাওয়া যায় এবং সার্টিফিকেট তৈরি করা যায়।

বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd)

সব তথ্য ও সেবা এক ঠিকানায়-এ লক্ষ্যকে সামনে রেখে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে সব দপ্তরের সহযোগিতায় এটুআই, আইসিটি অধিদপ্তর, বিসিসি বিশ্বের বৃহত্তম সরকারি ওয়েবপোর্টাল 'জাতীয় তথ্য বাতায়ন' বাস্তবায়ন করছে। ইউনিয়ন পর্যায় থেকে শুরু করে মন্ত্রণালয় পর্যন্ত ৪৬০০০+ সরকারি অফিস এই বাতায়নে সংযুক্ত রয়েছে।

- ৫ মিলিয়নের অধিক বিষয়বস্তু সন্নিবেশিত।
- প্রতিমাসে ৬ কোটি+ নাগরিক এই বাতায়ন হতে তথ্য ও সেবা গ্রহণ করেন।
- ৪০০+ সরকারি সেবার বিস্তারিত বিবরণ সন্নিবেশিত।
- ১৬৮৭+ সেবার ফরম সংযোজন।
- ৬০০+ ই-সেবা সংযুক্ত।

ই-নথি

মন্ত্রণালয় থেকে মাঠ পর্যায় পর্যন্ত প্রায় ১৯০০০ সরকারি দপ্তর থেকে প্রদেয় সেবাসমূহকে জনগণের হাতের মুঠোয় পৌঁছে দেয়ার ব্রত নিয়ে এটুআই এবং আইসিটি অধিদপ্তর সারাদেশে ই-নথির কার্যক্রম বাস্তবায়ন করছে। ইতোমধ্যে ৫৮টি মন্ত্রণালয়/বিভাগ, ৭১ টি অধিদপ্তর, ৬০৪ টি দপ্তর/সংস্থা, ১০৬ টি বিভাগীয়, ২৫০৬ টি জেলা পর্যায়ের এবং ২৪২৫ টি উপজেলা পর্যায়ের অফিসসহ মোট ৬০৯৮ টি সরকারি অফিসে বর্তমানে ই-নথি কার্যক্রম চালু রয়েছে। nothi.gov.bd বা service.gov.bd থেকে সেবাদাতা এবং সেবাগ্রহীতাগণ 'নথি' সিস্টেমে প্রবেশ করতে পারবেন।

ফরমস বাতায়ন (সব সেবা ফরম এক ঠিকানায়)

www.forms.gov.bd

- ১৬৮৭ ফরম যার মধ্যে ১২০০+ পূরণযোগ্য পিডিএফ।
- প্রতিমাসে ২.৫ লাখ+ ব্যবহারকারী।
- অনলাইনে ফরম ডাউনলোড এবং দাখিলের জন্য এ পোর্টাল তৈরি করা হয়েছে।

কৃষি বাতায়ন

দেশব্যাপী কৃষকের দোরগোড়ায় দ্রুত ও সহজে কার্যকরভাবে ই-কৃষি সেবা সম্প্রসারণের লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্ম 'কৃষি বাতায়ন' (http://krishi.gov.bd/) প্রস্তুত করা হয়েছে।

- ৭৮ লাখ কৃষকের তথ্য সংযুক্ত।
- কর্মরত ১৮,০০০ কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সংযুক্ত।
- ৫০৮টি উপজেলার বৈচিত্র্যময় কৃষি তথ্য।
- ১৪,০০০ কৃষি ব্যাংকের তথ্য।
- ১২,০০০ কৃষক সংগঠনের তথ্য।
- ৫,৬০০ হাটবাজারের তথ্য।
- ১,২০০ ফসলভিত্তিক বিভিন্ন কন্টেন্ট।
- ১০০০+ ভিডিও কন্টেন্ট।
- প্রতিমাসে গড়ে ৬,০০০ কৃষকবন্ধু ফোনসেবার মাধ্যমে সেবা প্রদান ।
- ১,৪০০ বালাইয়ের তথ্য, ২৫০টি ফসল, ১০১৮ জাত এবং প্রায় ১২,৫০০ ডিলারের তথ্য।

বিচার বিভাগীয় বাতায়ন (বিচারিক তথ্য ও সেবা এক ঠিকানায়)

বাংলাদেশ সুপ্রিমকোর্ট এবং এটুআই-এর যৌথ উদ্যোগে বাংলাদেশ বিচার বিভাগের ডিজিটাইজেশনের জন্য বিচার বিভাগীয় বাতায়ন (www.judiciary.org.bd) তৈরি করা হয়েছে। মহানগর ও জেলা পর্যায়ের সকল আদালত এবং ট্রাইবুনাল এ বাতায়নের সঙ্গে সংযুক্ত।

এই বাতায়ন হতে একজন নাগরিক খুব সহজে একটি মামলার বিচার পদ্ধতি, বিচারিক কাজে প্রয়োজনীয় সব ফরম, প্রতিকার পাওয়ার তথ্য, আইনজীবীদের সাথে যোগাযোগ, আইনগত সহায়তা প্রাপ্তির উপায়, কোর্ট ফি, মামলার মূল্যমান, আদালত কাঠামো, আইন- অধিকার-সম্পর্কিত তথ্য পাবেন।

- এই বাতায়নে সংযুক্ত ৬৪ টি জেলা আদালত, ৫ টি মহানগর ও ৮ টি ট্রাইবুনাল।

কজলিস্ট: কার্যতালিকা ব্যবস্থাপনা সিস্টেম (সব মামলার তথ্য এক ঠিকানায়)

এটুআই-এর কারিগরি সহযোগিতায় নিম্ন আদালতের বিদ্যমান কজলিস্ট বা কার্যতালিকাকে অনলাইন সিস্টেমে (causelist.judiciary.org.bd) রূপান্তর করা হয়। বিচারপ্রার্থী তাঁর মামলার তথ্য ও পরবর্তী তারিখ এই সিস্টেম থেকে পাচ্ছেন। পাশাপাশি এই সিস্টেম আদালতে কর্মরত বিচারকের ডায়েরি হিসেবে কাজ করছে। এই সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বিচারকের ড্যাশবোর্ড প্রস্তুত করে, যা বিচারাধীন মামলা ব্যবস্থাপনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

- ২,৫০০+ আদালতের মামলার কজলিস্ট বাস্তবায়ন হচ্ছে।

এসডিজি ট্র্যাকার: বাংলাদেশের উন্নয়ন দর্পণ

বাংলাদেশে এসডিজি'র বাস্তবায়ন পরিবীক্ষণের উদ্দেশ্যে এটুআই, অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাসমূহের সহযোগিতায় এসডিজি ট্র্যাকার তৈরি করে। এর উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- এসডিজি সূচকসমূহ পরিবীক্ষণের জন্য একটি অনলাইন উপাত্তভাণ্ডার তৈরি করা।
- প্রত্যেকটি লক্ষ্যমাত্রা, টার্গেট এবং সূচককে অনলাইন ট্র্যাকিংয়ে সহায়তা প্রদান।
- এসডিজি-সংশ্লিষ্ট অন্যান্য জাতীয় উন্নয়ন পরিকল্পনাসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ।
- এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদান।

২০১৭ সালে জাতিসংঘের ৭২তম সাধারণ অধিবেশনের একটি গুরুত্বপূর্ণ ইভেন্টে মাননীয় প্রধানমন্ত্রী এসডিজি ট্র্যাকারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসডিজি বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের প্রত্যক্ষ অংশগ্রহণে বর্তমানে ৬১টি সূচকের উপাত্ত এই সিস্টেমে সন্নিবেশিত হয়েছে।

অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস)

সেবা প্রদান প্রক্রিয়ায় সেবা প্রত্যাশীদের অভিযোগ প্রতিকারের লক্ষ্যে এটুআই-এর সহযোগিতায় মন্ত্রিপরিষদ বিভাগ অনলাইন জিআরএস সিস্টেম (www.grs.gov.bd) প্রবর্তন করে। এই সিস্টেমের মাধ্যমে সেবা থেকে বঞ্চিত সেবাপ্রত্যাশীগণ অনলাইনে আবেদন করতে পারবেন এবং আবেদনের অগ্রগতির সর্বশেষ অবস্থা জানতে পারবেন।

ই-চালান

সরকারি বিভিন্ন সেবার ফি ইলেক্ট্রনিক উপায়ে গ্রহণের জন্য অর্থ বিভাগের তত্ত্বাবধানে এবং এটুআই-এর কারিগরি সহযোগিতায় একটি ইলেক্ট্রনিক চালান ব্যবস্থাপনা সিস্টেম (www.echallan.gov.bd) তৈরি করা হয়েছে। এ সিস্টেম হতে একজন সেবাগ্রহীতা তার কাঙ্ক্ষিত সেবার জন্য চালান ফরম পূরণ ও ফি খুব সহজে ঘরে বসে প্রদান করতে পারেন এবং সর্বশেষ অবস্থা যাচাই করতে পারেন।

জিটুপি পদ্ধতিতে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা প্রদান

এটুআই-এর সহযোগিতায় সমাজসেবা অধিদপ্তর ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীদের জন্য এমআইএস তৈরি করা হয়েছে। এটি ব্যবহার করে উপকারভোগীর ব্যাংক অথবা মোবাইল ব্যাংক হিসাবে সরাসরি সরকারি কোষাগার হতে জিটুপি পদ্ধতিতে অর্থ প্রেরণ করা হচ্ছে।

ইনোভেশন ফান্ড

নাগরিক সেবা সহজিকরণে সরকারি-বেসরকারি ও ব্যক্তিপর্যায়ের উদ্ভাবনী প্রচেষ্টায় আর্থিক, কারিগরি ও নীতিগত সহায়তা প্রদান করতে এবং বিদ্যমান ক্ষুদ্র ও মধ্যম পর্যায়ের উদ্যোগসমূহে উদ্ভাবনী দক্ষতা বিকাশের লক্ষ্যে চালু করা হয়েছে 'এটুআই ইনোভেশন ফান্ড'। উদ্ভাবনী উদ্যোগসমূহের সফলতার পর প্রযোজ্য ক্ষেত্রে সরকারের পৃষ্ঠপোষকতায় দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতোমধ্যে ১২টি পর্বে ২৪৭টি প্রকল্পে মোট ৩৯ কোটি ৭৪ লক্ষ টাকা প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

এটুআই ইনোভেশন ফান্ড-এর মাধ্যমে উদ্ভাবিত কিছু উদ্যোগসমূহ

- পরিবেশ অধিদপ্তরের অনলাইনে পরিবেশ ছাড়পত্র
- অনলাইনে পুলিশ ক্লিয়ারেন্স সনদ
- বাল্যবিবাহ নিরোধকল্পে বিবাহ রেজিস্ট্রেশন-পূর্ব অনলাইন সার্টিফিকেশন
- মোবাইল অ্যাপ 'জয়'
- 'ই-কপিরাইট' সিস্টেম
- ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ই-ট্রেড লাইসেন্স ব্যবস্থা
- পরিবারের সঙ্গে কারাবন্দীদের সংযোগ
- ডিজিটাল মাল্টিমিডিয়া টকিং বুক
- কৃত্রিম অঙ্গ তৈরি করতে থ্রি ডি প্রিন্টার প্রযুক্তি

আইসিটি বিভাগ হতে অনুদানপ্রাপ্ত উল্লেখযোগ্য সফল উদ্ভাবনী প্রকল্প

Adaptive and Intelligent approach for Real Time Monitoring of Civil Structures and Predictive Alarm Generation System.

এ সিস্টেমের মাধ্যমে যেকোনো ধরনের বিল্ডিং, রাস্তা অথবা ব্রিজ-এর গঠনের অবস্থান নির্ণয় করা যাবে এবং কোনো ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে অ্যালার্ম জেনারেট-এর মাধ্যমে সতর্ক করা যাবে। ফলে বিল্ডিং এ যেকোনো দুর্ঘটনা ঘটার পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে।

Accessible PDF Reader for Persons with Visual Disability (APR)..

দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রস্তুতকৃত এক্সেসেবল পিডিএফ রিডার সফটওয়্যার এর মাধ্যমে দৃষ্টিপ্রতিবন্ধী ব্যক্তি, বার্ধক্যজনিত দৃষ্টিশক্তির সমস্যাগ্রস্থ ব্যক্তি ছাড়াও ডিসলেক্সিয়া আক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিগণও উপকৃত হবেন।

"দলিল"
[Integrated Web based management software with mobile apps (Android, IoS)]

"দলিল" নামক-এ ওয়েব বেজড সফটওয়্যার এবং মোবাইল অ্যাপ এর মাধ্যমে ঘরে বসে দ্রুত ও সহজে দলিল রেজিস্ট্রি খরচ কত টাকা তা হিসাব করা যাবে এবং কত টাকা কোন কোন কোড/হিসাব নম্বরে জমা করতে হবে তা জানা যাবে।

PVDoctor: Cloud based Virtual Doctor for Parkinson's Disease Screening and Monitoring]

PVDoctor' (Parkinson's-Virtual-Doctor) নামক কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন প্রযুক্তি পার্কিনসন রোগ-এ আক্রান্ত ব্যক্তিদের দ্রুত রোগ শনাক্তকরণ ও প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা সহজে পেতে সহযোগিতা করবে।

WATCHCAM - Intelligent Video Surveillance;

WATCHCAM এক ধরনের ইনটেলিজেন্ট ভিডিও স্যারভিল্যান্স সিস্টেম যা অপরাধ সংগঠিত হওয়ার সাথে সাথে নিরাপত্তা বাহিনীকে স্বয়ংক্রিয়ভাবে অবহিত করবে। অপরাধীদের ডাটাবেজ হতে মুখমন্ডল বা সন্দেহজনক গতিবিধি শনাক্তকরণই এই সিস্টেমের কাজ।

"সেলফ প্রটেক্ট" অ্যাপ

"সেলফ প্রটেক্ট অ্যাপ" একটি নাগরিক নিরাপত্তা, জরুরি সাহায্য ও অপরাধ দমনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহায়তাকারী মোবাইল অ্যাপ।

Maysha – The Service Robot

কৃত্রিম বুদ্ধিমত্তা বিশিষ্ট স্বয়ংক্রিয় একটি রোবট, যা বাংলা ভাষার মাধ্যমে যোগাযোগ করতে পারে। এটি বিভিন্ন হোটেল ও রেস্তোরার খাবার অর্ডার, পরিবেশন ও ই-বিল গ্রহণ করতে পারে।

Efficient Big Data Processing Optimization Framework for Cloud Computing

বিগ ডাটা অ্যানালাইসিস ও দ্রুত দক্ষ বিগ ডাটা প্রক্রিয়াজাতকরণ ও উচ্চতর দ্রুত তথ্য ব্যবস্থাপনার জন্য এ-ফ্রেমওয়ার্ক তৈরি করা হয়েছে।

Digital Voice Alert System for Level Crossing.

ডিজিটাল ভয়েস এলার্ট সিস্টেম ফর লেভেল ক্রসিং ২-৩ কিলোমিটার পূর্বে ট্রেনের অবস্থান শনাক্ত করে সেই লেভেল ক্রসিং-এ স্থাপিত ডিজিটাল এলার্ট সিস্টেমকে সক্রিয় করবে এবং ট্রেন লেভেল ক্রসিং অতিক্রম করার পর সক্রিয়ভাবে এলার্ট সিস্টেম বন্ধ হবে। এ সিস্টেম ব্যবহারে দুর্ঘটনা প্রতিরোধ করা যাবে।

Seven Elites Game

১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সাতজন বীরশ্রেষ্ঠের কাহিনী এর উপর ভিত্তি করে "সেভেন এলিটস" নামে একটি গেমস তৈরি করা হয়েছে যেটি কম্পিউটার এবং মোবাইল প্ল্যাটফর্ম এর জন্য রিলিজ করা হয়েছে। গেমসটিতে ৭টি লেভেল এ ৭ জন বীরশ্রেষ্ঠের সত্য ঘটনা, স্থান ও কাল গ্রাফিক্যাল অ্যানিমেশনের মাধ্যমে তুলে ধরা হবে। গেমসটি ০২ টি ধাপে রিলিজ করা হবে।

10 Minute School

www.10minuteschool.com বাংলাদেশের একমাত্র ওয়েবসাইট যেখানে ছাত্র-ছাত্রীরা সম্পূর্ণ বিনামূল্যে অনেক কিছু শিখতে পারছে ভিডিও থেকে এবং প্রস্তুতি নিতে পারছে এ ওয়েবসাইটে থাকা ২৮,০০০ এরও বেশি কুইজ খেলে। বর্তমানে এ ওয়েবসাইটে প্রায় ১২০০০ টি ভিডিও আছে; যা সম্পূর্ণ ইন্টারেক্টিভ। এই ভিডিওগুলো দর্শকের সাথে সরাসরি কথা বলবে এবং উত্তরের সাথে সাথে পরিবর্তিত হবে। বর্তমানে প্রতিদিন প্রায় ৩.০০ লক্ষ শিক্ষার্থী এই ওয়োবসাইটে পড়াশুনা করছে। দেশের ৪০০০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ৩০,০০০+ মাল্টিমিডিয়া ক্লাসরুমে এই ইন্টারেক্টিভ ভিডিওগুলো দিয়ে শিক্ষা পদ্ধতি চালু করা হয়েছে।

ঐতিহাসিক ০৭ মার্চের ভাষণ থেকে ২১টি বাক্য নিয়ে বিশ্লেষণধর্মী প্রকাশনা ও মোবাইল অ্যাপস তৈরি।

বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চ-এর ভাষণ থেকে ২১টি বাক্য চয়ন করা হয়েছে। প্রতিটি বাক্যকে বিশ্লেষণ করে তার অন্তর্নিহিত অর্থ এবং তাৎপর্য বিশ্লেষণের লক্ষ্যে দেশের স্বনামধন্য ২৬ জন লেখকের লেখনি দিয়ে একটি পূর্ণাঙ্গ বই প্রকাশ করা হয়েছে। সাংবাদিক আব্দুল গাফফার চৌধুরী, প্রখ্যাত লেখক এবং কম্পিউটার বিজ্ঞানী ড. মুহম্মদ জাফর ইকবাল এর মতো স্বনামধন্য লেখকরা বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের বাক্য বিশ্লেষণ করেছেন। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে পুস্তকটির মোড়ক উন্মোচন করা হয়েছে। এছাড়া একইসাথে গ্রন্থটির ডিজিটাল ভার্সন- মোবাইল অ্যাপস এবং ই-বুকের উদ্বোধন করা হয়েছে।

Rail Cop: Real-Time Detection of Missing Rail Blocks on a Railway Track Using Sensor Networks

একটি সেন্সিং কম্পোনেন্ট উদ্ভাবনের মাধ্যমে রেললাইনের ত্রুটি-বিচ্যুতি নির্ণয় করা হয়েছে, যা ট্রেনের বগি লাইনচ্যুত হওয়ার ঘটনা প্রতিরোধে সহায়তা করবে।

Infoblood.org

জরুরি প্রয়োজনে রক্ত সংগ্রহের জন্য infoblood.org নামে একটি অনলাইন প্ল্যাটফর্ম তৈরির প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে পরিবার, অফিস বা ক্লাবের সকল সদস্যদের ব্লাড গ্রুপের একটি ডাটাবেজ থাকবে। বাংলাদেশে প্রায় ১৫,০০০ এর অধিক ক্লাব, সোসাইটি এবং ব্লাড ডোনার বিভিন্ন গ্রুপ আছে যাদের একই প্ল্যাটফর্ম আনা হবে। আগামী ০১ বছরে ১.০০ লক্ষ এবং ১০ বছরে ১.০০ কোটি ব্লাড ডোনারকে Infoblood.org -তে সম্পৃক্ত করা হবে।

Bangladesh Innovation Award 2019

Live Blood Bank

'লাইভ ব্লাড ব্যাংক' মোবাইল অ্যাপ্লিকেশন হলো জরুরি ভিত্তিতে রক্তের সন্ধানে রক্তদাতা ও গ্রহীতার জন্য একটি দ্রুত, সহজ এবং নিরাপদ প্ল্যাটফর্ম। ০৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে আইসিটি টাওয়ারের অডিটোরিয়ামে 'লাইভ ব্লাড ব্যাংক' মোবাইল এ্যাপিকেশনটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি কর্তৃক উদ্বোধন করা হয়, যার সাহায্যে যে কেউ খুব সহজে জরুরি রক্তের প্রয়োজনে তার নিকটস্থ স্বেচ্ছায় রক্ত-দাতাকে খুঁজে নিতে পারবেন। রক্ত দিতে ইচ্ছুক যে কেউ এই অ্যাপলিকেশন ব্যবহার করে নিজের প্রোফাইল তৈরি করে নিরাপদভাবে সঠিক ব্যক্তিকে রক্ত দিতে পারবেন। গুগল প্লে স্টোর থেকে বিনামূল্যে লাইভ ব্লাড ব্যাংক এ্যাপটি ডাউনলোড করা যাচ্ছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইনোভেশন ফান্ড থেকে ৩০৯ জনকে ১৩ কোটি ৭৮ লক্ষ ৭০ হাজার টাকার বৃত্তি ও ফেলোশিপ প্রদান করা হয়েছে। এছাড়া আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ২৮৯ ব্যক্তি/প্রতিষ্ঠানকে ১৯ কোটি ৫ লক্ষ ৭৯ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

জ্ঞানসমৃদ্ধ সমাজে বিজ্ঞান-প্রযুক্তিভিত্তিক
শিল্পকে উৎসাহিত করা হবে।

- নির্বাচনী ইশতেহার ২০১৮

ইন্ডাস্ট্রি প্রোমোশন

২০২১-২৩ সালের মধ্যে ফাইভ-জি চালু করা হবে। কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, বিগডাটা, ব্লক চেইন, আইওটি-সহ ভবিষ্যৎ প্রযুক্তির বিকাশ ঘটানো হবে।

- নির্বাচনী ইশতেহার ২০১৮

বঙ্গবন্ধু হাই-টেক সিটি কালিয়াকৈর, গাজীপুর

বঙ্গবন্ধু হাই-টেক সিটি দেশের প্রথম ও সর্ববৃহৎ রাষ্ট্রায়ত্ব হাই-টেক পার্ক। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বিগত ১৯৯৯ সালের ১৭ জুন অনুষ্ঠিত বিনিয়োগ বোর্ডের ১২তম সভায় গাজীপুর জেলার কালিয়াকৈরে ২৩২ একর জমিতে একটি হাই-টেক পার্ক স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে ১টি প্রতিষ্ঠান বঙ্গবন্ধু হাই-টেক সিটিতে ওয়াটার ট্যাংক ম্যানেজমেন্ট সিস্টেম-এর জন্য আইওটি ডিভাইস সৌদি আরবে রপ্তানি করছে। ২টি প্রতিষ্ঠান অপটিক্যাল ফাইবার এবং ১টি প্রতিষ্ঠান মোবাইল অ্যাসেম্বেলিং শুরুর সকল প্রক্রিয়া সম্পন্ন করেছে। অন্য ১টি প্রতিষ্ঠান কিওস্ক মেশিন অ্যাসেম্বলিং করছে। ইতোমধ্যে ৪ টি ভবনে প্রায় ৪.২৫ লক্ষ বর্গফুট স্পেস নির্মাণ করা হয়েছে।

বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর, গাজীপুর	
বর্তমানে জমির পরিমাণ	৩৫৫ একর
অবস্থান	কালিয়াকৈর উপজেলা, গাজীপুর।
ঢাকা থেকে ভ্রমণ সময়	সড়ক পথে ১.৩০ ঘন্টা; রেলপথে ১ ঘন্টা; হেলিকপ্টার যোগে ১০ মিনিট
কর্মসংস্থান লক্ষ্যমাত্রা	১,০০,০০০ (এক লক্ষ)
পার্ক উন্নয়নকারী	ক) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (১৩৩ একর) খ) সামিট টেকনোপলিশ লি. বিডি (৯১ একর পিপিপি মডেলে ডেভেলপ করবে) গ) টেকনোসিটি বিডি লি. (৪০ একর পিপিপি মডেলে ডেভেলপ করবে)
বর্তমানে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের সংখ্যা	২৯টি
ভাড়ার হার	ক) প্রতি বর্গফুট রেডি স্পেস ৩০-৫০ টাকা প্রতি মাস। খ) প্রতি বর্গফুট ভূমি ২-৬ মার্কিন ডলার প্রতি বছর।

শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১০ ডিসেম্বর ২০১৭ তারিখে পার্কটি উদ্বোধন করেন। আধুনিক সুবিধাসহ পার্কটিতে রয়েছে ১৫ তলা মাল্টি টেন্যান্ট বিল্ডিং (এমটিবি), জিমনেসিয়ামের সুবিধাসহ ১২তলা ডরমিটরি বিল্ডিং এবং ক্যান্টিন ও অ্যাম্ফিথিয়েটার, ৩৩ কেভিএ পাওয়ার-সাব স্টেশন, অপটিক্যাল ফাইবার কেবল সংযোগ।

শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর	
জমির পরিমাণ	১২.১৩ একর
অবস্থান	সদর উপজেলা, যশোর। যশোর শহরের কেন্দ্র থেকে ২.৪ কি:মি: পূর্বে যশোর বিমানবন্দর থেকে ৮ কিলোমিটার দূরে।
ঢাকা থেকে ভ্রমণ সময়	সড়ক পথে ৬ ঘন্টা; রেলপথে ৮ ঘন্টা; বিমানপথে ৩০ মিনিট
কর্মসংস্থান ও কোম্পানি	কর্মসংস্থান লক্ষ্যমাত্রা ৫০০০ জন বর্তমান কর্মসংস্থান ১০০০ জন বরাদ্দ প্রাপ্ত কোম্পানি ৪৮টি [২৫টির ব্যবসা কার্যক্রম চলমান]
ভাড়ার হার	প্রতি বর্গফুট রেডি স্পেস ১০ টাকা প্রতিমাস; সার্ভিস চার্জ প্রতি বর্গফুট ২ টাকা প্রতিমাস

জনতা টাওয়ার সফটওয়ার টেকনোলজি পার্ক, ঢাকা

দেশে সফটওয়্যার শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে গত ৩ আগস্ট ২০১০ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্সের ১ম সভায় কারওয়ান বাজারে অবস্থিত জনতা টাওয়ারকে (৭২০০০ বর্গফুটের) সফটওয়্যার টেকনোলজি পার্কে রূপান্তরের ঘোষণা দেওয়া হয়। গত ১৮ অক্টোবর ২০১৫ তারিখে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ সফটওয়্যার টেকনোলজি পার্কটির ব্যবসায় কার্যক্রম উদ্বোধন করেন এবং গত ২৭ জুলাই ২০১৬ তারিখ পার্কটির ইনকিউবেশন কার্যক্রম উদ্বোধন করেন।

জনতা টাওয়ার সফটওয়ার টেকনোলজি পার্ক, ঢাকা	
জমির পরিমাণ	০.২১৬৮ একর।
অবস্থান	কারওয়ান বাজার, ঢাকা
কর্মসংস্থান	কর্মসংস্থান লক্ষ্যমাত্রা - ১৫০০। বর্তমান কর্মসংস্থান ৯০০
কোম্পানি	১৪টি
স্টার্টআপ	১৩টি
ভাড়ার হার	প্রতি বর্গফুট রেডি স্পেস ৩০ টাকা প্রতিমাস; সার্ভিস চার্জ প্রতি বর্গফুট ৫ টাকা প্রতিমাস

বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী

২.৭০লক্ষ বর্গফুট বিশিষ্ট ১০ তলা মাল্টিপারপাস ভবন (এমপিবি) নির্মাণ চলমান এবং ৫তলা ইনকিউবেটর ভবন (৭২ হাজার বর্গফুট) নির্মাণ সমাপ্ত হয়েছে। এছাড়াও রাস্তা, বাউন্ডারি ওয়াল এবং সাবস্টেশন, জেনারেটর ও ভবনসহ অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ কাজ চলছে। আইটি ইন্ডাস্ট্রি চাহিদা পূরণের জন্য প্রকল্পের আওতায় ৩০০০-এর অধিক তরুণ-তরুণীকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। পার্কটিতে ৭২০০০ বর্গফুটের একটি ইনকিউবেশন এন্ড ট্রেনিং সেন্টার ভবণ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। স্পেস বরাদ্দ প্রদানের জন্য পত্রিকা মারফত দরখাস্ত আহবান করা হয়েছে।

জমি ও অবস্থান:	৩০.৬৭ একর। রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা।
ভ্রমণ সময়	ঢাকা থেকে সড়ক ও রেলপথে ৫ ঘন্টা এবং আকাশ পথে ৩০ মিনিট
কর্মসংস্থান লক্ষ্যমাত্রা	১৪০০০ জন
ভাড়ার হার	প্রতি বর্গমিটার ভূমি ১.৫ ডলার প্রতিবছর

বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৫ মার্চ ২০১৫ তারিখে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শনকালে আইসিটি খাতে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে প্রতিটি জেলায় হাই-টেক পার্ক স্থাপনের নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলায় বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এর অবকাঠামো নির্মাণের কাজ চলমান রয়েছে। গত ২১ জানুয়ারি ২০১৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী পার্কটির ভিত্তি প্রস্তর স্থাপন করেন। যুক্তরাজ্যের ১টি প্রতিষ্ঠানকে ২০০০ বর্গফুট স্পেস এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে ২০০০ বর্গফুট স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে।

জমি ও অবস্থান:	১৬২.৮৩ একর। কোম্পানীগঞ্জ, সিলেট
ভ্রমণ সময়	ঢাকা থেকে সড়ক ও রেলপথে ৫ ঘন্টা এবং আকাশ পথে ৩০ মিনিট
কর্মসংস্থান লক্ষ্যমাত্রা	৫০,০০০ জন
ভাড়ার হার	প্রতি বর্গমিটার ভূমি ১.৫ মার্কিন ডলার প্রতিবছর।

শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, নাটোর

নাটোর জেলার সদর উপজেলার পুরাতন কারাগারকে সংস্কারের মাধ্যমে একটি দৃষ্টিনন্দন আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারে উন্নীত করার লক্ষ্যে গত ১৩ এপ্রিল ২০১৬ তারিখে ১টি কর্মসূচি গ্রহণ করা হয়। গত ২২ জুলাই ২০১৬ তারিখ পার্কটির ভিত্তি প্রস্তর স্থাপন এবং ২২ সেপ্টেম্বর ২০১৮ তারিখে পার্কটি উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি।

জমির পরিমাণ:	১.২৩৯ একর
অবস্থান:	নাটোর সদর, নাটোর
বিদ্যমান স্থাপনা:	নতুন ২ তলা ইনকিউবেশন ভবন (১০,০০০ বর্গফুট), প্রশিক্ষণ ভবন ২টি (১৪০০ বর্গফুট)
ভ্রমণ সময়	ঢাকা থেকে সড়ক পথে ৫ ঘন্টা; রেলপথে ৫ ঘন্টা;
স্টার্টআপ সেল	লক্ষ্যমাত্রা- ১০টি বরাদ্দপ্রাপ্ত- ৬টি
কর্মসংস্থান	লক্ষ্যমাত্রা- ১৫০০ জন বর্তমান কর্মসংস্থান ৭৯৯ জন
প্রশিক্ষণ	৩টি ল্যাবে ২৫ জন করে একসাথে মোট ৭৫ জনের প্রশিক্ষণের সুযোগ রয়েছে। কর্মসূচির আওতায় ইতোমধ্যে ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার (৭ আইটি)

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৫ মার্চ ২০১৫ তারিখে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শনকালে আইসিটি খাতে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে প্রতিটি জেলায় হাই-টেক পার্ক স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে ৭টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে ০৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়।

অবস্থান:	কুমিল্লা, চট্টগ্রাম, নাটোর, সিলেট, বরিশাল, মাগুরা ও নেত্রকোনা
বিদ্যমান স্থাপনা	প্রতিটি জেলায় ৬ তলা আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন ভবন (৩৬,০০০ বর্গফুট)
প্রতি ফ্লোরে সুবিধা-সমূহ	লেভেল-১ অফিস স্পেস, লেভেল-২ প্লাগ এন্ড প্লে ৮০ জন, লেভেল -৩ ট্রেনিং সেন্টার ৮০ জনের, লেভেল ৪ এ স্টার্ট আপ ৮০ জনের, লেভেল ৫ এ বিজনেস স্পেস, লেভেল ৬ স্পোর্টর্স, এন্ড কালচার
কর্মসংস্থান	লক্ষ্যমাত্রা ৫০,০০০ জন

জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২টি জেলায়)

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৫ মার্চ ২০১৫ তারিখে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় পরিদর্শনকালে আইসিটি খাতে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে প্রতিটি জেলায় হাই-টেক পার্ক স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে ১২টি জেলায় আইটি পার্ক স্থাপনের লক্ষ্যে ২৫-০৪-২০১৭ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়। প্রতিটিতে ৭ তলা মাল্টিটেনান্ট ভবন (১,০৫,০০০ বর্গফুট); ৩ তলা ক্যান্টিন ও অ্যাম্ফিথিয়েটার ভবন (২১,০০০ বর্গফুট), ৩ তলা ডরমিটরি ভবন (১৮০০০ বর্গফুট) থাকবে।

অবস্থান	রংপুর (সদর), নাটোর (সিংড়া), কুমিল্লা (লালমাই), খুলনা (সদর), বরিশাল (সদর), গোপালগঞ্জ (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), ঢাকা (কেরানীগঞ্জ), ময়মনসিংহ (সদর), জামালপুর (সদর), কক্সবাজার (রামু), সিলেট (কোম্পানীগঞ্জ) এবং চট্টগ্রাম।
কর্মসংস্থান	লক্ষ্যমাত্রা ৬০,০০০ (ষাট হাজার)।
	প্রকল্পের আওতায় ৩০০০০ জনকে আইটি বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদান করা হবে।

আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট

আইটি খাতে দক্ষ মানবসম্পদ এবং উদ্যোক্তা তৈরির লক্ষ্যে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আইটি বিজনেস ইনকিউবেটর নির্মাণ চলমান । এ সেন্টারে থাকছে ১০ তলা বিশিষ্ট ৫০,০০০ বর্গফুটের ইনকিউবেশন হাউজ, ৬ তলা বিশিষ্ট ৩৬,০০০ বর্গফুটের মাল্টিপারপাস প্রশিক্ষণ ভবন এবং ৪ তলা ২টি ডরমিটরি (মহিলা ও পুরুষ) ভবন। প্রকল্পের আওতায় ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ ভবনে ১০০টি ইনকিউবেশন সেল থাকবে।

সরকার আগামী ২০২১ সাল নাগাদ আইসিটি রপ্তানির খাতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে ৫ বিলিয়ন মার্কিন ডলার। এলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আইসিটি রপ্তানির লক্ষ্যমাত্রা পূরণ এবং আইসিটি শিল্পকে এগিয়ে নেওয়ার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে।

- তথ্য প্রযুক্তিখাতে ২০২৪ সাল পর্যন্ত ট্যাক্স হলিডে ঘোষণা করা।
- হার্ডওয়্যার সংযোজন বা উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের ওপর আমদানি শুল্ক কমিয়ে ১ শতাংশ করা হয়।
- আইটি/আইটিইএস খাতে রপ্তানিতে ১০ শতাংশ নগদ প্রণোদনা।
- আইটি-আইটিইএস ইন্ডাস্ট্রি স্ট্যাটিস্টিক্স (২০১৩-২০১৮) সূত্রে ২০১৮ সালে বাংলাদেশের আইটি-আইটিইএস প্রতিষ্ঠানসমূহের রপ্তানি আয় ছিল ১ বিলিয়ন ডলার-এর অধিক, যা বাংলাদেশের আইটি-আইটিইএস প্রতিষ্ঠানসমূহের রপ্তানি আয়ের ক্ষেত্রে একটি অভূতপূর্ব অর্জন।

২০১৮ সালে আইসিটি রপ্তানি থেকে আয়
১ বিলিয়ন মার্কিন ডলার

২০১৮ সালে আইসিটি পেশাজীবীর
সংখ্যা ১ মিলিয়নে উন্নীত

আইটি সেক্টরের বিভিন্ন কোম্পানিসমূহের সক্ষমতা বৃদ্ধি

আইটি সেক্টর উন্নয়নে কোম্পানিসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশে প্রথম বারের মত সরকারিভাবে বিভিন্ন প্রতিষ্ঠানকে কোয়ালিটি সার্টিফিকেশন যেমন CMMI LEVEL-৩, ISO-২৭০০১, ৯০০১ প্রাপ্তির জন্য ৮১টি কোম্পানিকে সহায়তা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ২টি কোম্পানি CMMI LEVEL-৫, ISO-২৭০০১ সার্টিফিকেশন প্রাপ্ত হয়েছে।

হাই-টেক পার্কে বিনিয়োগের জন্য প্রণোদনা

- পার্ক ডেভেলপারের জন্য ১২ বছর পর্যন্ত পর্যায়ভিত্তিক ট্যাক্স মওকুফ;
- আইটি/আইটিইএস পণ্য রপ্তানি আয়ের ক্ষেত্রে ২০২৪ পর্যন্ত ট্যাক্স মওকুফ;
- ১০ বছরের জন্য আয়কর মওকুফ (প্রথম ৭ বছরের জন্য ১০০%);
- বিদেশি বিনিয়োগকারীদের ১০০% মালিকানার সুযোগ;
- প্রত্যেকটি হাই-টেক পার্ক ওয়্যারহাউজ স্টেশন হিসেবে বিবেচিত হবে;
- মূলধনী যন্ত্রপাতি ও নির্মাণ উপকরণের ওপর আমদানি শুল্ক মওকুফ;
- পুনঃবিনিয়োগের ক্ষেত্রে লভ্যাংশের ওপর ট্যাক্স মওকুফ;
- বৈদেশিক কর্মী নিয়োগের ক্ষেত্রে আয়ের ওপর ৩ বছরের আয়কর মওকুফ সুবিধা;
- লভ্যাংশ/মুনাফার ওপর ৫০% পর্যন্ত কর অব্যাহতি;
- যেকোনো জমি বা স্পেসের ইজারা দেওয়ার ক্ষেত্রে স্ট্যাম্প শুল্ক ছাড়;
- ইউটিলিটি সার্ভিসের ওপর ভ্যাট মওকুফ;

বিপিও সামিট বাংলাদেশ

মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০২১ বাস্তবায়নে ১ লক্ষ মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে Business Process Outsourcing (BPO)-কে উন্নয়নের মূল ধারায় নিয়ে আসা, দেশীয় বিপিও শিল্পের সাফল্য, সক্ষমতা ও সরকারের নানামুখী উদ্যোগ উপস্থাপন, সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে বাংলাদেশ সফটওয়্যার ও হার্ডওয়্যার শিল্পের বিকাশ, দেশের তরুণ ও তরুণীদের এই খাতে আগ্রহী করে তোলা, কর্মসংস্থানের উদ্যোগ ও কর্মসৃষ্টি এবং দেশীয় ও আন্তর্জাতিক বাজারে দেশের বিপিও (BPO) সেক্টরের অবস্থানকে তুলে ধরা ও বিদেশি ক্রেতাদের আকৃষ্ট করাসহ বিশ্বব্যাপী এই শিল্পের ব্যাপ্তি ঘটাতে এবং ২০২১ সালের মধ্যে এই খাতে ১ বিলিয়ন ডলার রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা সমুন্নত রাখতে বিপিও সামিট আয়োজন করা হয়। সরকারি ও বেসরকারি উদ্যোগে ২০১৫, ২০১৬, ২০১৮ ও ২০১৯ সালে BPO Summit Bangladesh অনুষ্ঠিত হয়।

ডিজিটাল বাংলাদেশ দিবস

টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি'র সর্বোত্তম ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ, প্রযুক্তিগত অবকাঠামো নির্মাণসহ নির্ভরযোগ্য কানেক্টিভিটি প্রতিষ্ঠা, তথ্যপ্রযুক্তি খাতে অর্জন, SDG ও জিডিপি প্রবৃদ্ধিতে এ খাতের অবদান এবং বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে দিবসটির গুরুত্ব জনগণের মাঝে তুলে ধরার নিমিত্ত দেশব্যাপী প্রতিবছর ১২ ডিসেম্বর দিবসটি পালন করা হয়।

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৮

জাতীয় শিশু-কিশোর প্রোগ্রামিং প্রতিযোগিতা, উন্নয়ন মেলা ও জাতীয় ইন্টারনেট সপ্তাহ আয়োজন করা হয়।

iDEA প্রকল্প-এর কিছু উল্লেখযোগ্য অর্জন

- জুন ২০১৯ পর্যন্ত ৭৫টি স্টার্টআপকে প্রি-সিড পর্যায়ের অর্থ বরাদ্দ করা হয়েছে।
- ইন্ডাস্ট্রি-একাডেমিয়া-গভর্নমেন্ট-কমিউনিটি কোলাবরেশন ও স্টার্টআপ সংস্কৃতি উন্নয়নের লক্ষ্যে ৪০টি সংগঠন ও প্রতিষ্ঠানের সমন্বয়ে 'স্টার্টআপ সার্কেল' গঠন করা হয়েছে।
- ৪০টি বিশ্ববিদ্যালয়ে 'স্টুডেন্ট টু স্টার্টআপ' প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে যার মাধ্যমে ছাত্রদের উদ্ভাবনী আইডিয়াগুলোকে স্টার্টআপে রূপান্তর করা হচ্ছে।

বিগত ১০ বছরে
প্রাপ্ত উল্লেখযোগ্য আন্তর্জাতিক সম্মাননা

- ডিজিটাল সিস্টেম ও শিক্ষার সম্প্রসারণে অবদান রাখার স্বীকৃতি-স্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাতিসংঘ সাউথ সাউথ কোঅপারেশন ভিশনারি অ্যাওয়ার্ড ২০১৪ প্রদান করা হয়। ২০১৪ সালে ওয়াশিংটনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ পুরস্কার গ্রহণ করেন।

- তথ্যপ্রযুক্তিতে অগ্রগতির স্বীকৃতি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থা (আইটিইউ) ২০১৫ সালে 'আইসিটি টেকসই উন্নয়ন পুরস্কার' প্রদান করে। নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘ সদর দপ্তরে এক অনুষ্ঠানে আইটিইউ মহাসচিব হুলিন ঝাও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে এই পুরস্কার তুলে দেন।

- সুদূরপ্রসারী উদ্যোগের মাধ্যমে বাংলাদেশকে ডিজিটাল বিশ্বের মহাসড়কে পৌঁছে দেওয়ার স্বীকৃতি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদকে ২০১৬ সালে ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব গভর্ন্যান্স অ্যান্ড কমপিটি-টিভনেস, প্ল্যান ট্রিফিনিও, গ্লোবাল ফ্যাশন ফর ডেভেলপমেন্ট ও যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব নিউ হ্যাভেনের স্কুল অব বিজনেস যৌথভাবে 'ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড ফর আইসিটি' পুরস্কার প্রদান করে। নিউইয়র্কের স্থানীয় একটি হোটেলে এক জমকালো অনুষ্ঠানে জনাব সজীব ওয়াজেদের হাতে এই পুরস্কার তুলে দেন প্রখ্যাত অভিনেতা রবার্ট ডাবি।

- সরকারি নিয়োগে স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার লক্ষ্যে এলআইসিটি প্রকল্পের ই-গভর্নমেন্ট কম্পোনেন্টের আওতায় তৈরিকৃত 'ই-রিক্রুটমেন্ট সিস্টেম' শীর্ষক প্ল্যাটফর্ম এর জন্য বিসিসিকে Open Group Kochi Awards 2019 প্রদান করা হয়। ১৪ ফেব্রুয়ারি ২০১৯ ভারতের কেরালা রাজ্যের মুখ্যমন্ত্রী শ্রী পিনারাই ভিযায়ন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধির কাছে এ পুরস্কার হস্তান্তর করেন।

- টানা ৬ বছর তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বের সবচেয়ে সম্মানজনক পুরস্কার 'ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS) পুরস্কার' অর্জন করেছে এটুআই-এর বিভিন্ন প্রজেক্ট। ২০১৯ সালে শিক্ষক বাতায়ন এবং মোবাইল বেইজড এইজ ভেরিফিকেশন বিফোর ম্যারেজ রেজিস্ট্রেশন টু স্টপ চাইল্ড ম্যারেজ প্রজেক্ট; ২০১৮ সালে মুক্তপাঠ ও পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট ম্যানেজমেন্ট সিস্টেম; ২০১৭ সালে মাল্টিমিডিয়া টকিং বুক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিমেডিসিন প্রকল্প, নাগরিক সেবা উদ্ভাবনে সোশ্যাল মিডিয়ার ব্যবহার ও ই-নথি; ২০১৬ সালে সেবা পদ্ধতি সহজিকরণ-এসপিএস, পরিবেশ অধিদপ্তরের অনলাইন ছাড়পত্র, শিক্ষক বাতায়ন এবং কৃষকের জানালা; ২০১৫ সালে জাতীয় তথ্য বাতায়ন এবং ২০১৪ সালে ডিজিটাল সেন্টার ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS) পুরস্কার অর্জন করেছে।

- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ গত ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে আন্তর্জাতিক ISO 9001: 2015 সার্টিফাইড হয়েছে। এছাড়া দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্টকরণে অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে ২০১৮ সালে জাতীয় ডিজিটাল দিবসে ডিজিটাল বাংলাদেশ সম্মাননা-২০১৮ প্রদান করা হয়। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বাংলাদেশ ভিশন-২০২১ এর উপর WITSA (The World Information Technology and Services Alliance) ২০১৯, চেয়ারম্যান অ্যাওয়ার্ড প্রাপ্ত হয়েছে।

- জাপানের টোকিওতে Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO) কর্তৃক আয়োজিত ASOCIO Digital Summit 2018 অনুষ্ঠানে Digital Government Award ক্যাটাগরিতে "ইনফো-সরকার" প্রকল্পকে পুরস্কৃত করা হয়।

- এটুআই-এর শিক্ষক বাতায়ন, পিএনপিকে, র‍্যাম্প পাম্প, ইউজড কুকিং ওয়েল, স্মার্ট হোয়াইট ক্যান এবং একশপ ইনোভেশন ক্যাটাগরিতে 'ইন্টারন্যাশনাল ইনভেনশন, ইনোভেশন এ্যান্ড টেকনোলজি এক্সিবিশন' (ITEX Award) অ্যাওয়ার্ড ২০১৮ অর্জন করে।

- দি ওপেন গ্রুপ অ্যাওয়ার্ডস ফর ইনোভেশন এ্যান্ড এক্সিলেন্স ২০১৮ সালে এটুআই-এর একসেবা প্ল্যাটফর্ম প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড অর্জন করে।

- এটুআই-এর একসেবা প্ল্যাটফর্ম ২০১৮ সালে এশিয়া প্যাসিফিক আইসিটি অ্যাওয়ার্ড (APICTA) অর্জন করে।

- এটুআই-এর একশপ ২০১৮ সালে ইউএন ফ্যাসিলিটি ফান্ড পুরস্কার অর্জন করে।

- এটুআই-এর ই-লার্নি প্ল্যাটফর্ম মুক্তপাঠ ২০১৮ সালে প্রেস ইন্সটিটিউট বাংলাদেশ (পিআইবি) এর কাছ থেকে সাংবাদিক সোহেল সামাদ পুরস্কার অর্জন করে।

- এটুআই-এর টেলিমেডিসিন সেবা ২০১৮ সালে তৃতীয় কমনওয়েথ্ ডিজিটাল অ্যাওয়ার্ড অর্জন করে।

- এটুআই-এর একশপ ২০১৮ সালে ইউএন ফ্যাসিলিটি ফান্ড পুরস্কার অর্জন করে।

- তাইওয়ানের তাইপেতে Asia Pacific Council for Trade Facilitation and Electronic Business (AFACT) কর্তৃক আয়োজিত eASIA Award-2017 অনুষ্ঠানে Creating Inclusive Digital Opportunities ক্যাটাগরিতে "ইনফো-সরকার" প্রকল্পকে পুরস্কৃত করা হয়।

- আইসিটি এডুকেশন এবং প্রশিক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-কে 'WITSA Award 2017' প্রদান করা হয়।

- যুক্তরাজ্যের ব্রাইটনে অনুষ্ঠিত 'MobileGov World Summit 2017'-শীর্ষক ইভেন্টে 'Excellence in Designing the Future of e-Government' ক্যাটাগরিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ 'Global MobileGov Awards 2017'-এর চ্যাম্পিয়ন হিসেবে নির্বাচিত হয়।

- Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO)-এর পক্ষ থেকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে ICT Education Award 2017 পুরস্কার প্রদান করা হয়।

- এটুআই-এর অটিজম বার্তা ২০১৭ সালে অর্জন করে বেসিস ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ড ও এশিয়া প্যাসিফিক আইসিটি এলায়েন্স (APICTA) অ্যাওয়ার্ড এবং একই বছর এটুআই-এর মাল্টিমিডিয়া টকিং বুক অর্জন করে হেনরী ভিসকার্ডি অ্যাওয়ার্ড।

- এটুআই-এর জাতীয় তথ্য বাতায়ন এবং ই-নথি (অফিস ইনফরমেশন অ্যান্ড সার্ভিস ফ্রেমওয়ার্ক) ২০১৭ সালে যুক্তরাষ্ট্রভিত্তিক আন্তর্জাতিক অ্যাওয়ার্ড দি ওপেন গ্রুপ অ্যাওয়ার্ডস ফর ইনোভেশন এ্যান্ড এক্সিলেন্স কর্তৃক যথাক্রমে প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড ও অ্যাওয়ার্ড অব ডিসটিংশন অর্জন করে।

- গভর্নিং প্রসেসকে ডিজিটাইজ করার জন্য Asian-Oceanian Computing Industry Organization (ASO-CIO) তথ্য ও প্রযুক্তি বিভাগকে ASOCIO 2016 Digital Government Award প্রদান করে।

- এটুআই-এর অটিজম বার্তা ২০১৬ সালে অর্জন করে ন্যাশনাল মোবাইল অ্যাপস অ্যাওয়ার্ড, কৃষকের জানালা ও পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট অর্জন করে ব্রাক মন্থন ডিজিটাল ইনোভেশন অ্যাওয়ার্ড এবং এটুআই অর্জন করে জনপ্রশাসন পদক।

- এটুআই এর দু'টি ইনোভেশন প্রজেক্ট ২০১৩ সালে ইনফরমেশন সোসাইটি ইনোভেশন ফান্ড (ISIF ASIA) অ্যাওয়ার্ড এবং জিরো প্রজেক্টস অ্যাওয়ার্ড অন ইনক্লুসিভ এডুকেশন অর্জন করে।

- বিসিসি দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব প্রতিষ্ঠার জন্য ২০১১ সালে e-Education ক্যাটাগরিতে এবং National Data Centre for e-Service প্রতিষ্ঠার জন্য e-Infrastructure ক্যাটাগরিতে ১টি সহ মোট ২টি ভারতের Manthan Award ২০১১ অর্জন করে।

- ASOCIO Award-2010 আইসিটি'র উন্নয়ন এবং 'ডিজিটাল বাংলাদেশ' কর্মসূচি প্রণয়ন ও তা বাস্তবায়নে বলিষ্ঠ নেতৃত্বদান এবং অনন্যসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এশিয়া-ওশেনিয়া অঞ্চলের তথ্য প্রযুক্তির প্রধান সংগঠন এশিয়া-ওশেনিয়ান কম্পিউটিং ইন্ডাস্ট্রি অর্গানাইজেশন কর্তৃক প্রবর্তিত 'অ্যাসোসিও অ্যাওয়ার্ড'- এ ভূষিত করা হয়।

- ফোর টিয়ার জাতীয় ডেটা সেন্টার ৫ মার্চ, ২০১৯ এ Uptime Institute হতে Constructed Facilities সার্টিফিকেট এবং সফলভাবে ডেটা সেন্টার নির্মাণের জন্য ১৭ সেপ্টেম্বর, ২০১৯ এ DCD (Data Center Dynamics) APAC- 2019 পুরস্কার অর্জন করে।

জাতিসংঘ ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট র‍্যাংকিং এ বাংলাদেশ

ইউএন ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট র‍্যাংকিং-এ বাংলাদেশ ২০১২ সালের ১৪৮ তম অবস্থান থেকে ২০১৮ সালে ১১৫তম অবস্থান পৌঁছায়। মূলত আইসিটি টুলকে ব্যবহার করে বিভিন্ন অনলাইন-সেবা তৈরি এবং মোবাইল বা ওয়েব অ্যাপের মাধ্যমে তা উপস্থাপনের মাধ্যমে অনলাইন সেবা সূচকে বাংলাদেশের মূল অগ্রগতি সূচিত হয়েছে। তাছাড়াও টেলিকমিউনিকেশন সূচক এবং হিউম্যান ক্যাপিটাল সূচকেও বাংলাদেশের অগ্রগতি হয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রণীত আইন, বিধিমালা, নীতিমালা, নির্দেশিকা ও স্ট্রাটেজিসমূহ

প্রণীত আইনসমূহঃ

- ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮
- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন-২০১০ (সংশোধন ২০১৪)
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (সংশোধন ২০০৯, ২০১৩)
- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) আইন ১৯৯০

ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮

ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নকল্পে এ আইন প্রণীত হয়। এ আইনের আওতায় 'ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' গঠন করা হয়েছে। উক্ত এজেন্সির অধীন 'কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম (CERT)' এবং 'ডিজিটাল ফরেনসিক ল্যাব' স্থাপনসহ এ-সংক্রান্ত অবকাঠামোগত উন্নয়ন ও বিধি-বিধান প্রণয়ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এ আইন প্রয়োগের দ্বারা তথ্যপ্রযুক্তি ও ইন্টারনেটের নিরাপদ ব্যবহারের মাধ্যমে দেশ উন্নয়নের সোপানে এগিয়ে যাবে। অর্জিত হবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা।

প্রণীত বিধিমালাসমূহ

- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৯
- ওয়ানস্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫
- বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা-২০১৫
- বাংলাদেশ হাই-টেক পার্ক ওয়্যারহাউজিং স্টেশন বিধিমালা-২০১৫
- ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়ের (নিয়ন্ত্রক, উপ-নিয়ন্ত্রক, সহকারী নিয়ন্ত্রক) নিয়োগ বিধিমালা, ২০১২
- ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক-এর কার্যালয়ের (কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২
- তথ্যপ্রযুক্তি (সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১০

ওয়ানস্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯

এ বিধিমালার মাধ্যমে হাই-টেক পার্কে বিনিয়োগকারীগণ এক স্থান থেকে সমুদয় সেবা প্রাপ্ত হবেন।

বিনিয়োগকারীদের সময়াবদ্ধভাবে বিভিন্ন সেবা যথা: কোম্পানি নিবন্ধন, ভিসা ইস্যু, ওয়ার্ক পারমিট, ভূমি বরাদ্দ, ছাড়পত্র, ইউটিলিটি সংযোগসহ সকল সেবা হাই-টেক পার্ক হতে প্রদান করা হবে। যার ফলে হাই-টেক পার্কে বিনিয়োগে উদ্যোক্তাগণ উৎসাহী হবেন। বিদেশি বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং কর্মসংস্থান সৃষ্টি তথা আইসিটি খাতে ব্যাপক প্রবৃদ্ধি অর্জিত হবে। এ উদ্যোগের মাধ্যমে ২০২১ সালের মধ্যে আইসিটি খাতের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত-সমৃদ্ধ দেশের কাতারে শামিল হবে।

প্রণীত নীতিমালাসমূহ

- জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮
- সরকারি ই-মেইল নীতিমালা ২০১৮
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্যে অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬
- জাতীয় ডাটা সেন্টার ইউজার পলিসি

জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধমে সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো-সহ ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণ এবং ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে জ্ঞানভিত্তিক উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে এ নীতিমালা প্রণয়ন করা হয়েছে। ০৫টি অধ্যায়ে বিভক্ত এ নীতিমালায় ০১ (এক) টি রূপকল্প, ০৮ (আট) টি উদ্দেশ্য, ৫৫ (পঞ্চান্ন) টি কৌশলগত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। ডিজিটাল সরকার; ডিজিটাল নিরাপত্তা; সামাজিক সমতা; শিক্ষা, গবেষণা ও উদ্ভাবন; দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টি; অভ্যন্তরীণ সক্ষমতা বৃদ্ধি, পরিবেশ জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা এবং উৎপাদনশীলতা বিষয়ে নীতি নির্দেশনা রয়েছে। এ নীতমালা বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়-ভিত্তিক মোট ৩৪৩টি কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা স্বল্প মেয়াদি (২০২১ সাল), মধ্য মেয়াদি (২০৩০ সাল) এবং দীর্ঘ মেয়াদি (২০৪১ সাল) বাস্তবায়ন করা হবে। ৪র্থ শিল্প বিপ্লবের (4IR) ফলে তথ্যপ্রযুক্তির নব নব উদ্ভাবনসমূহ যথা: ইন্টারনেট অব থিংস, বিগডাটা, রোবোটিক্স, ব্লক চেইন, ক্লাউড কম্পিউটিং ইত্যাদি ব্যবহারের মাধ্যমে জনগণের জীবনমানের উন্নতি, আধুনিক শিক্ষা ব্যবস্থা চালু এবং ব্যবসা-বাণিজ্য তথা উদ্যোক্তা সৃষ্টি ও বিনিয়োগের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নের রূপরেখা এ নীতিমালায় বিধৃত হয়েছে। নীতিমালা অনুসরণের মাধ্যমে দেশের সার্বিক কর্মকাণ্ডে সমন্বিতভাবে তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশ ২০২১ সালের মধ্যে আইসিটি খাতে কাঙ্ক্ষিত রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জন ও ২০৪১ সালের মধ্যে সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সক্ষম হবে।

প্রণীত গাইডলাইন/ স্ট্র্যাটেজিসমূহ

- সিকিউর কোডিং নির্দেশিকা, ২০১৬
- সাইবার সিকিউরিটি স্ট্র্যাটেজি, ২০১৪
- তথ্য নিরাপত্তা পলিসি গাইডলাইন, ২০১৪

বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA) নির্দেশিকা

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহ বিচ্ছিন্নভাবে কাজ না করে সমন্বিতভাবে তথ্য-উপাত্ত আদান প্রদানের মাধ্যমে 'Whole of the Government' পদ্ধতিতে কার্যসম্পাদনের নিমিত্ত ডিজিটাল আর্কিটেকচার বাস্তবায়ন করা হচ্ছে। তথ্য-উপাত্তসমূহ পরস্পরের মধ্যে বিনিময়ের লক্ষ্যে আন্ত:পরিবাহিতা নিশ্চিতকরণ ও দ্বৈততা পরিহারের লক্ষ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে; যা অনুসরণের মাধ্যমে একদিকে যেমন ডিজিটাল সরকার প্রতিষ্ঠা সহজ হবে- অপরদিকে সাশ্রয় হবে সময় এবং সরকারি সম্পদের।

প্রণয়নাধীন আইন/বিধিমালা/নীতিমালা/গাইডলাইনসমূহ

- ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (ক্ষমতা ও কার্যাবলী) বিধিমালা-২০১৯
- তথ্য গোপনীয়তা ও সুরক্ষা বিধিমালা, ২০১৯
- ডাটা সেন্টার স্থাপন ও পরিচালিকা নির্দেশিকা ২০১৯
- সফটওয়্যার এবং হার্ডওয়্যারের গুণগত মান পরীক্ষা ও সার্টিফিকেশন নীতিমালা ২০১৯

“এ স্বাধীনতা আমার ব্যর্থ হয়ে যাবে যদি আমার বাংলার মানুষ পেট ভরে ভাত না খায়। এই স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি বাংলার মা-বোনেরা কাপড় না পায়। এ স্বাধীনতা আমার পূর্ণ হবে না যদি এদেশের মানুষ যারা আমার যুবক শ্রেণী আছে তারা চাকুরি না পায় বা কাজ না পায়।”

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

‘মুজিব বর্ষ ২০২০’

উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রস্তাবিত “১০০+ কৌশল”

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ঘোষিত “মুজিব বর্ষ ২০২০” যথাযোগ্য মর্যাদা ও সম্মানের সঙ্গে উদ্‌যাপনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর উদ্যোগে মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ পর্যন্ত কতিপয় কার্যক্রম/উদ্যোগকে ‘১০০+ কৌশল’ হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রতিটি কৌশলের বাস্তবায়নসূচক (সংখ্যা/হার) ১০০-এর চেয়ে অধিক মানে উন্নীত করার প্রতিশ্রুতি এ কৌশলগুলোতে রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর অধীন সংস্থা ও বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ এ কৌশলগুলো বাস্তবায়ন করবে। কৌশলগুলো বাস্তবায়নের মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ এর লক্ষ্যমাত্রা অর্জন, সেবার মান ও কর্মদক্ষতা বৃদ্ধি এবং জাতির পিতার স্বপ্ন ‘সোনার বাংলা’ পূরণ হবে।

‘মুজিব বর্ষ ২০২০’ উদযাপন উপলক্ষে

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রস্তাবিত “১০০+ কৌশল”

ক্রম	কৌশল/কার্যক্রমের নাম	বাস্তবায়ন সূচক এর মাত্রা/ সংখ্যা/হার	সুবিধাভোগী	বাস্তবায়ন এলাকা/ কভারেজ	বাস্তবায়নকারী
১.	২০১৯-২০ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এডিপি বাস্তবায়ন	১০০+% ১৫০%	জনগণ	সমগ্র বাংলাদেশ	সকল প্রকল্প পরিচালক
২.	তথ্যপ্রযুক্তিভিত্তিক মানবসম্পদ উন্নয়ন	১০০+ হাজার	তথ্যপ্রযুক্তি পেশাজীবী/ যুবসমাজ	সমগ্র বাংলাদেশ	আইসিটি বিভাগ এবং সকল সংস্থা
৩.	শ্রেষ্ঠ আইসিটি কোম্পানিকে সম্মাননা প্রদান	১০০+	আইসিটি শিল্পের নির্বাচিত প্রতিষ্ঠান/কোম্পানি	সমগ্র বাংলাদেশ	আইসিটি বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪.	জনগণকে ইন্টারনেট কভারেজের আওতায় আনয়ন	১০০+ মিলিয়ন	জনগণ	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৫.	তৃণমূল পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান	১০০+ হাজার	খানা/প্রতিষ্ঠান	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৬.	পরিচয় অ্যাপ এর মাধ্যমে এনআইডি যাচাই	১০০+ মিলিয়ন	সকল ভোটার	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৭.	শেখ রাসেল ডিজিটাল ল্যাবে শিক্ষার্থীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ	১০০+ হাজার	সকল ছাত্র-ছাত্রী	সমগ্র বাংলাদেশ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৮.	শিশু-কিশোরদের প্রোগ্রামিং প্রশিক্ষণ	১০০+ হাজার	প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থী	সমগ্র বাংলাদেশ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৯.	সাধারণ বিদ্যালয়কে স্মার্ট বিদ্যালয়ে রূপান্তর	১০০+ বিদ্যালয়	শিক্ষার্থী	জাতীয় সংসদের নির্বাচিত ১০০ টি আসন	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
১০.	গ্রামে শহরের নাগরিক সুবিধা চালুকরণ	১০০+ গ্রাম	তৃণমূলের জনগণ	১০০ টি নির্বাচিত গ্রাম	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
১১.	আইসিটি বিষয়ক ভ্রাম্যমাণ প্রশিক্ষণ	১০০+ হাজার	শিক্ষার্থী, যুবক ও জনগণ	সমগ্র বাংলাদেশ	আইসিটি বিভাগ
১২.	স্টার্টআপ-এর জন্য ইনোভেশন ফান্ডিং	১০০+	স্টার্টআপ	নির্বাচিত স্টার্টআপ কোম্পানিসমূহ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১৩.	হাই-টেক/সফটওয়্যার পার্কে আইটি কোম্পানি/প্রতিষ্ঠানকে স্পেস বরাদ্দ প্রদান	১০০+	দেশি/বিদেশি আইটি কোম্পানি/ প্রতিষ্ঠান	বিদ্যমান হাই-টেক/ সফটওয়্যার পার্কসমূহ	বাংলাদেশ হাই-টেক কর্তৃপক্ষ

ক্রম	কৌশল/কার্যক্রমের নাম	বাস্তবায়ন সূচক এর মাত্রা/ সংখ্যা/হার	সুবিধাভোগী	বাস্তবায়ন এলাকা/ কভারেজ	বাস্তবায়নকারী
১৪.	পুলিশ পার্সোনেলকে ইন্টারনেট সুবিধা প্রদান	১০০+ হাজার	বাংলাদেশ পুলিশ	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১৫.	আইটি/আইটিইএস বিষয়ক প্রশিক্ষণ	১০০+ ব্যাচ	যুবক/ আইসিটি উদ্যোক্তা	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ হাই-টেক কর্তৃপক্ষ
১৬.	আইটি/আইটিইএস খাতে রপ্তানি	১০০+ কোটি টাকা	জনগণ	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, বেসিস, বাক্কো, বিসিএস
১৭.	দুর্গম ইউনিয়নে ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধা প্রদান	১০০+	দুর্গম এলাকার জনগণ	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১৮.	আইসিটির মাধ্যমে বিভিন্ন পৌরসভায় নাগরিকদের সেবা প্রদান	১০০+ হাজার	পৌর এলাকার জনগণ	সমগ্র বাংলাদেশ	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
১৯.	ই-নথি কার্যক্রম সম্পাদন	১০০+ হাজার	সরকারি দপ্তর	সমগ্র বাংলাদেশ	এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২০.	ই-সেবা	১০০+	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২১.	সেবা সহজিকরণ	১০০+	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই
২২.	ই-মিউটেশন	১০০+ হাজার	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই
২৩.	উদ্ভাবন	১০০+	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই
২৪.	সোশ্যাল মিডিয়া রিচ	১০০+ লাখ	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই
২৫.	অডিও ভিজ্যুয়াল কন্টেন্ট	১০০+	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই
২৬.	প্রশিক্ষণ	১০০+ হাজার	সরকারি কর্মকর্তা, শিক্ষক এবং উদ্যোক্তা	সমগ্র বাংলাদেশ	এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২৭.	জাতীয় তথ্য বাতায়নে কন্টেন্ট	১০০+ হাজার	জনগণ	সমগ্র বাংলাদেশ	এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২৮.	শিক্ষক বাতায়নে শিক্ষক সংযোজন	১০,০০০	শিক্ষক	সমগ্র বাংলাদেশ	এটুআই
২৯.	জেলা ব্রান্ডিং-এর মাধ্যমে পর্যটক সংযোজন	১০০+ হাজার	পর্যটক	সমগ্র বাংলাদেশ	এটুআই

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ইভেন্ট বিষয়ক ক্যালেন্ডার
জুলাই ২০১৯-ডিসেম্বর ২০২১

বছর	মাস	দেশীয়		আন্তর্জাতিক
২০১৯	অক্টোবর	ডিজিটাল ডিভাইস ও ইনোভেশন ফেয়ার ২০১৯		WCIT 2019, Armenia
	নভেম্বর			Web-Summit 2019, Lisbon.
	ডিসেম্বর	ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯		
২০২০	জানুয়ারি	ইন্টারনেট সপ্তাহ ২০২০	ন্যাশনাল হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২০	
	ফেব্রুয়ারি	বেসিস সফট এক্সপো ২০২০		
	মার্চ	ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০		
	এপ্রিল	বিপিও সামিট ২০২০	'মুজিব বর্ষ ২০২০' উদযাপন	
